

Bangladesh Bank

Officer (Cash) : 2023

Exam Held on : 21.07.2023

বাংলা

01. জীবনানন্দ দাশ এর প্রকাশিত প্রথম কবিতা কোনটি?

- A. বর্ষা আবাহন B. ঝরাপালক
C. দেশবন্ধুর প্রয়াণে D. মহাপৃথিবী

ব্যাখ্যা (উত্তর: A): জীবনানন্দ দাস ১৮৯৯ সালের ১৭ ফেব্রুয়ারি বরিশালের এক ব্রাহ্ম পরিবারে জন্মগ্রহণ করেন। ডাক নাম- মিলু। তিনি প্রধানত প্রকৃতির কবি। বুদ্ধদেব বসু তাকে নির্জনতম কবি বলে আখ্যায়িত করেছেন। অনুদাশঙ্কর রায় তাকে শুদ্ধতম কবি বলে আখ্যায়িত করেছেন। তাঁর অসাধারণ কাব্যবৈশিষ্ট্যকে রবীন্দ্রনাথ ঠাকুর 'চিত্ররূপময়' বলে আখ্যায়িত করেছেন। মার্কিন গবেষক বুথ সিলি তার উপর গবেষণা করেছেন। তিনি ১৯৫৪ সালের ২২ অক্টোবর মৃত্যুবরণ করেন। তাঁর কিছু গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম নিম্নরূপ:

কাব্যগ্রন্থ	ঝরাপালক (প্রথম কাব্যগ্রন্থ), ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, বেলা অবেলা কালবেলা, রূপসী বাংলা
কবিতা	বনলতা সেন, আবার আসিব ফিরে, আকাশনীলা, বাংলার মুখ, হায় চিল, বাংলার তীরে
প্রবন্ধ	কবিতার কথা, কেন লিখি
উপন্যাস	মাল্যবান, সতীর্থ

১৯১৯ সালে ব্রাহ্মবাদী পত্রিকার বৈশাখ সংখ্যায় তাঁর প্রথম কবিতা 'বর্ষা আবাহন' প্রকাশিত হয়।

02. কোনটি নিলীন বর্ণ?

- A. অ B. ই
C. আ D. ও

ব্যাখ্যা (উত্তর: A): স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় সংক্ষিপ্ত স্বর বা কারবর্ণ। কোনো ব্যঞ্জনের সঙ্গে কারবর্ণ বা হস্চিহ্ন না থাকলে ব্যঞ্জনের সঙ্গে একটি 'অ' আছে বলে ধরে নেয়া হয়। বাংলা ভাষায় ১১টি স্বরবর্ণের মধ্যে ১০টি স্বরবর্ণের কার আছে। কিন্তু 'অ' এর কোনো সংক্ষিপ্ত রূপ বা কার নেই। এটিকে নিলীন বর্ণ বলা হয়।

03. 'য' এর উচ্চারণ স্থানগত অবস্থান কী?

- A. কণ্ঠ B. তালব্য
C. দন্তমূলীয় D. মূর্ধন্য ব্যঞ্জন

ব্যাখ্যা (উত্তর: B): উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বিভাজন দেখানো হলো-

বর্ণসমূহ	উচ্চারণস্থান অনুযায়ী নাম
ক, খ, গ, ঘ, ঙ (ক বর্ণের বর্ণ)	কণ্ঠ বা জিহ্বামূলীয় বর্ণ
চ, ছ, জ, ঝ, শ, য, ঞ	তালব্য বর্ণ
ট, ঠ, ড, ঢ, ণ, ষ, র, ড়, ঢ়	মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ
ত, থ, দ, ধ, ন, ল, স	দন্ত্য বর্ণ
প, ফ, ব, ভ, ম	ওষ্ঠ্য বর্ণ

04. 'এ' এর বিকৃত উচ্চারণ কোনটি?

- A. এ্যা B. অ্যা
C. এ D. এঁ

ব্যাখ্যা (উত্তর: B): 'এ' বর্ণের উচ্চারণ দুই রকম। যথা : এ এবং অ্যা। সাধারণ উচ্চারণ [এ], কিন্তু পাশের ধ্বনির প্রভাবে এ কখনো কখনো [অ্যা] উচ্চারিত (বিকৃত উচ্চারণ) হয়।

'এ' বর্ণের স্বাভাবিক উচ্চারণ : একটি [এক্টি], দেশ [দেশ]

'এ' বর্ণের [অ্যা] উচ্চারণ : একটা [অ্যাক্টা], বেলা [অ্যালা]

05. 'ভবিষ্যৎ' শব্দটির উচ্চারণ কোনটি?

- A. ভোবিশ্শত B. ভবিশ্শতো
C. ভোবিষত D. ভোবিষ্শত

ব্যাখ্যা (উত্তর: A): কিছু গুরুত্বপূর্ণ শব্দের প্রমিত উচ্চারণ নিম্নরূপ-

মূল শব্দ	উচ্চারণ	মূল শব্দ	উচ্চারণ
ভবিষ্যৎ	ভোবিশ্শত	শ্রদ্ধা	শ্রোদ্ধা
শসা	শশা	ভাষা	ভাশা
শ্রমিক	শ্রোমিক্	ষোলো	শোলো
সাধারণ	শাধারোন্	সামান্য	শামান্নো
আস্তে	আস্তো	অধ্যাপক	ওদ্ধাপোক্

06. নিচের কোনটি সমীভবন এর উদাহরণ?

- A. করতে > কত্তে B. লেবু > নেবু
C. শাক > শাগ D. বসু > বোসু

ব্যাখ্যা (উত্তর: A): সমীভবনের ক্ষেত্রে শব্দ মধ্যে দুটো ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। যেমন – জন্ম>জন্ম, কাঁদনা>কান্না, করতে > কতে।

ক) প্রগত সমীভবন: পূর্ব-ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন। যেমন – চক্র>চক্ক, পক্ক>পক্ক, লগ্ন>লগ্গ।

খ) পরাগত সমীভবন: পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনির পরিবর্তন। যেমন – তৎ+জন্য>তজ্জন্য।

গ) অন্যান্য সমীভবন: পরস্পরের প্রভাবে দুটো ধ্বনিরই পরিবর্তন হয়। যেমন – সত্য>সচ্চ, বিদ্যা>বিজ্জা।

উল্লেখ্য, লেবু>নেবু (বিশমীভবন/ব্যঞ্জনবিকৃতি); শাক>শাগ (ঘোষীভবন/ব্যঞ্জনবিকৃতি), বসু>বোসু (আদি স্বরাগম)।

07. বাংলা একাডেমি কত সালে 'প্রমিত বানানের নিয়ম' প্রণয়ন করে?

- A. ১৯৯১ সালে B. ১৯৯২ সালে
C. ১৯৩৬ সালে D. ১৯৮৮ সালে

ব্যাখ্যা (উত্তর: B): বিশ শতকের বিশের দশকে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় এবং ১৯৩৬ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বাংলা বানানের নিয়ম প্রবর্তিত হলেও বাংলা বানানের সমতা প্রতিষ্ঠিত হয়নি। ১৯৮৮ সালে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্মশালা করে ও বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বাংলা বানানের নিয়মের একটি খসড়া প্রস্তুত করে। বিশ্বভারতী, কলকাতা বিশ্ববিদ্যালয়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ইত্যাদি প্রতিষ্ঠানের অনুসৃত বাংলা বানানের নিয়মের আলোকে ১৯৯২ সালে বাংলা একাডেমি 'প্রমিত বাংলা বানানের নিয়ম' প্রণয়ন করে।

08. নিচের কোনটি শুদ্ধ?

- A. পোস্ট B. স্টেশন
C. কর্ণেল D. বামন

ব্যাখ্যা (উত্তর: A/B/D): প্রশ্নটি যদি চাইতো নিচের কোন বানানটি অশুদ্ধ। তাহলে ঠিক উত্তর হতো কর্ণেল (C)। কারণ, অন্য বানানগুলো শুদ্ধ। কর্ণেল এর শুদ্ধ বানান কর্নেল। আরো কিছু গুরুত্বপূর্ণ শব্দের বানান নিম্নরূপ-

ভাগীরথী	আফিক	নিষ্পাপ	মরুদ্যান
বন্দ্যোপাধ্যায়	মধ্যাহ্ন	বীণাপাণি	ক্ষুধপিপাসা
মনোযোগ	যক্ষ্মা	মরীচিকা	বাল্লীকি
ব্রাহ্মণ	মুমূর্ষু	আত্মসাৎ	সমীচীন

09. নিচের কোনটি সঠিক?

- A. $\sqrt{\text{গৈ}} + \text{ক্তি} = \text{গীতি}$ B. $\sqrt{\text{গৈ}} + \text{ক্তী} = \text{গীতি}$
C. $\sqrt{\text{গৈ}} + \text{ক্তি} = \text{গিতী}$ D. $\text{গৈ} + \sqrt{\text{ক্তি}} = \text{গীতি}$

ব্যাখ্যা (উত্তর: A): কয়েকটি নিপাতনে সিদ্ধ সংস্কৃত কৃৎ প্রত্যয়ের উদাহরণ নিম্নরূপ-

$\sqrt{\text{গৈ}} + \text{ক্তি} = \text{গীতি}$	$\sqrt{\text{সিধ্}} + \text{ক্তি} = \text{সিদ্ধি}$
$\sqrt{\text{বুধ্}} + \text{ক্তি} = \text{বুদ্ধি}$	$\sqrt{\text{শক্}} + \text{ক্তি} = \text{শক্তি}$

10. রবীন্দ্রনাথ ঠাকুরের নিম্নোক্ত কোন তিনটি গল্পেই মুসলমান চরিত্র রয়েছে?

- A. মুকুট, ছুটি ও মুসলমানীর গল্প
B. কাবুলিওয়ালা, মুসলমানীর গল্প ও সমাপ্তি
C. ক্ষুধিত পাষণ, মুকুট ও সুভা
D. সমস্যাপূরণ, মুকুট ও সুভা

ব্যাখ্যা (উত্তর: সঠিক উত্তর অনুপস্থিত): বাংলা ছোটগল্পের জনক রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি মোট ১১৯টি ছোটগল্প রচনা করেছেন। তবে তাঁর গল্পগুচ্ছ গ্রন্থে ৯৫টি ছোটগল্প সংকলিত হয়েছে। তাঁর প্রথম ছোটগল্প ভিখারিণী (১৮৭৪ খ্রি.) এবং সর্বশেষ ছোটগল্প মুসলমানীর গল্প।

ছোটগল্প	প্রধান চরিত্র	
কাবুলিওয়ালা	রহমত, খুকী	
ক্ষুধিত পাষণ	মেহের আলী	
মুকুট	ইশা খাঁ, রাজধর	
দুরাশা	গোলাম কাদের খাঁ	মুসলমান
দালিয়া	আমিনা, জুলিখা, দালিয়া	চরিত্র
মুসলমানীর গল্প	হবির খাঁ, কমলা	আছে
সমস্যা পূরণ	বিপিনবিহারী, অছিমদি	
রীতিমতো নভেল	মুসলমান প্রসঙ্গ এসেছে, তবে মুসলমান চরিত্র নেই।	
সমাপ্তি	মুম্বয়ী, অপূর্ব	মুসলমান
সুভা	সুভা, বাণীকণ্ঠ, প্রতাপ	চরিত্র
ছুটি	ফটিক, মাখন	নেই

11. নিচের কোন শব্দটি তুর্কি শব্দ?

- A. ফিতা B. পেয়ারা
C. কোর্মা D. শিশি

ব্যাখ্যা (উত্তর: C): তুর্কি ভাষার কিছু গুরুত্বপূর্ণ শব্দ হলো- উজবুক, উর্দি, উর্দু, কাঁচি, কঞ্চি, কাবু, কুরনিশ, কুলি, কোর্মা, কোঁতকা, খাঁ, খান, খোকা, চকমক, চাকু, চিক, ঝকমক, ঠাকুর, তালশ, তুর্ক, তুপ, দারোগা, নানা, বাস, বাবুর্চি, বাহাদুর, মোগল, লাশ, সওগাত।

12. 'এ ভরা বাদর, মাহ ভাদর শূন্য মন্দির মোর'- কে লিখেছেন?

- A. চণ্ডীদাস B. বিদ্যাপতি
C. গোবিন্দ দাস D. বিবেকানন্দ

ব্যাখ্যা (উত্তর: B): বৈষ্ণব পদাবলির গুরুস্থানীয় রচয়িতা বিদ্যাপতি। একটি বাংলা পঞ্জিক্তি না লিখেও বাংলা সাহিত্যে তাকে অত্যন্ত মর্যাদাবান কবি বলা হয়। পদাবলির আদি কবি বিদ্যাপতি। তিনি ব্রজবুলি ভাষায় পদগুলো রচনা করেন। ব্রজবুলি ভাষার স্রষ্টাও বিদ্যাপতি। বিদ্যাপতির অমর উক্তি-

এ সখি হামারি দুখের নাহি ওর।

এ ভরা বাদর মাহ ভাদর

শূন্য মন্দির মোর

বাংলা সাহিত্যের আরো কিছু গুরুত্বপূর্ণ উক্তি নিম্নরূপ-

বিখ্যাত উক্তি	যার উক্তি
সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।	চণ্ডীদাস
সই কে শুনাইল শ্যাম নাম।	চণ্ডীদাস
রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর।	জ্ঞানদাস
সুখের লাগিয়া এ ঘর বাকিলুঁ আনলে পুড়িয়া গেল।	জ্ঞানদাস
হাত জোড় করিঞা মাপো দান, বারেক মহাছা রাখ সম্মান।	হলায়ুধ মিশ্র
আমার সন্তান যেন থাকে দুখে-ভাতে।	ভারতচন্দ্র রায়গুণাকর
মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।	ভারতচন্দ্র রায়গুণাকর
বড় পিরীতি বালির বাঁধ! ক্ষণে হাতে দড়ি, ক্ষণেকে চাঁদ।	ভারতচন্দ্র রায়গুণাকর

13. বাংলাদেশের প্রথম ছাপাখানা কোনটি?

- A. বার্তাবহ যন্ত্র B. বাংলা প্রেস
C. রংপুর বার্তা D. মিলন বার্তা প্রেস

ব্যাখ্যা (উত্তর: A): ১৭৭৮ সালে চার্লস উইলকিন্স হুগলিতে প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠা করেন। তিনি নিজেই বাংলা অক্ষরের নকশা তৈরি করেন। তাকে বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয়। উইলিয়াম কেরী, জোশুয়া মার্শম্যানের সহযোগে ১৮০০ সালে কলকাতার নিকটবর্তী শ্রীরামপুরে বাংলা মুদ্রণ স্থাপন করা হয়। ১৮০০ সালে শ্রীরামপুর মিশন প্রেস থেকে প্রথম গ্রন্থ ‘মথী রচিত মিশন সমাচার’ মুদ্রিত হয়। ১৮৪৭-৪৮ সালে রংপুরে প্রথম ছাপাখানা ‘বার্তাবহ যন্ত্র’ প্রতিষ্ঠিত হয়। এটি বাংলাদেশের প্রথম ছাপাখানা। ঢাকায় প্রতিষ্ঠিত প্রথম ছাপাখানার নাম ‘ঢাকা প্রেস’। ১৮৬০ সালে বাংলা প্রেস বা বাংলা যন্ত্র নামে ঢাকায় দ্বিতীয় ছাপাখানা প্রতিষ্ঠিত হয়।

14. ‘গড্ডলিকা’ ছোট গল্প কার রচিত?

- A. রাজশেখর বসু B. সুবোধ ঘোষ
C. প্রমথ চৌধুরী D. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা (উত্তর: A): রাজশেখর বসু (মার্চ ১৬, ১৮৮০, এপ্রিল ২৭, ১৯৬০) ছিলেন একজন বিশিষ্ট ভারতীয় বাঙালি সাহিত্যিক, অনুবাদক ও অভিধান প্রণেতা। তিনি পরশুরাম ছদ্মনামে লিখতেন। চলন্তিকা অভিধান প্রণয়নের জন্য তিনি সর্বাধিক পরিচিত। সাহিত্যকর্মের স্বীকৃতিস্বরূপ পশ্চিমবঙ্গ সরকার তাকে রবীন্দ্র পুরস্কারে ও ভারত সরকার পদ্মভূষণ সম্মানে ভূষিত করে। তাঁর উল্লেখযোগ্য সাহিত্যকর্মসমূহ হলো- চলন্তিকা অভিধান, গড্ডলিকা, কজ্জলী, হনুমানের স্বপ্ন, গল্পকল্প, কৃষ্ণকলি ইত্যাদি গল্প, নীলতারা ইত্যাদি গল্প, আনন্দীবাঈ ইত্যাদি গল্প।

গড্ডলিকা

রাজশেখর বসুর ‘গড্ডলিকা’ গ্রন্থটি প্রথম বিশ্বযুদ্ধ-পরবর্তী বাঙালির সামাজিক, দাম্পত্যগত ও সাংসারিক জীবনের অসংগতি ও বেদনার পাঁচটি নান্দনিক গল্পের মধ্য দিয়ে সৃজিত হয়েছে। ধর্ম ব্যবসা ও ভণ্ডমি চিত্রায়িত হয়েছে ‘শ্রী শ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড’-এ। ‘চিকিৎসা-সংকট’ গল্পের চল্লিশোর্ধ্ব ধনী বিপত্নীক নন্দবাবু হঠাৎ করেই অসুস্থ হয়ে পড়লে তিনি অ্যালোপ্যাথি, হোমিওপ্যাথি, কবিরাজি, হাকিমি চিকিৎসা নিয়ে বিড়ম্বনার শিকার হন। অবশেষে ডক্টর মিস বিপুলা মল্লিকের চেম্বারে গিয়ে তিনি বুঝতে পারেন রোগের রহস্য অন্য কিছু নয়, একাকিত্ব।

15. অভিধানে কোন শব্দটি আগে বসবে?

- A. চাঁদা B. চানা
C. চালা D. চাঁটি

ব্যাখ্যা (উত্তর: D):

বাংলা অভিধানে গৃহীত বর্ণনাক্রম নিম্নরূপ-

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ং ঃ ;

ক ক্ষ খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ড় ঢ ণ ত থ দ ধ
ন প ফ ব ভ ম য (য়) র ল শ ষ স হ

উল্লেখ্য যে, ং ঃ স্বরবর্ণের পরে ও ব্যঞ্জনবর্ণের আগে ব্যবহৃত হয়। আর ‘ক্ষ’ যুক্তবর্ণ হলেও অভিধানে ক-বর্ণের পরে বর্ণরূপে প্রয়োগ হয়।

উপর্যুক্ত শব্দগুলোর মধ্যে অভিধানে ‘চাঁটি’ সবার প্রথমে আসবে।

16. উভয় পদের অর্থ প্রধান থাকে কোন সমাসে?

- A. অব্যয়ীভাব সমাস B. তৎপুরুষ সমাস
C. দ্বন্দ্ব সমাস D. বহুব্রীহি সমাস

ব্যাখ্যা (উত্তর: C):

সমাসের নাম	যে অর্থ প্রধান	উদাহরণ
দ্বন্দ্ব সমাস	উভয়পদের অর্থ প্রধান	কুশীলব, দম্পতি
অব্যয়ীভাব সমাস	পূর্বপদের অর্থ প্রধান	প্রতিদিন, গরমিল, অনুতাপ
তৎপুরুষ/ দ্বিগু/ কর্মধারয় সমাস	পরপদের অর্থ প্রধান	বইপড়া, রাজর্ষি, জীবনবীমা
বহুব্রীহি সমাস	তৃতীয় কোনো ভিন্ন অর্থ প্রধান	বিমনা, কৃতবিদ্যা, শশাঙ্ক

17. 'জলে ফেলা' বাগধারাটির অর্থ কি?

- A. সুপাত্রে পড়া B. জলের নিত্য ব্যবহার
C. অপচয় করা D. বিপদে পড়া

ব্যাখ্যা (উত্তর: C): কিছু গুরুত্বপূর্ণ বাগধারা নিম্নরূপ-

জলে ফেলা : অপচয় করা	দুরমুশ করা: প্রহার করা
ডুমুরের ফুল : বিরল বস্তু	টি টি পড়া : কলঙ্ক
ঠাড়া মোড় : ভয়ে আড়ষ্ট	ঢনা ধরা : অন্তঃসারশূন্য
ঠাটঠকম : চালচলন	ঝাঁকি দর্শন : ক্ষণিক দেখা
তরনাত করা : স্থির করা	তরবেতর : নানারকম
নবমীর দশা : মূর্ছা	তাল সামলানো : শেষ রক্ষা

18. 'যে অরণ্যে আলো নেই' নাটক এর নাট্যকার হলেন-

- A. সৈয়দ শামসুল হক B. আলাউদ্দিন আল আজাদ
C. মমতাজউদ্দিন আহমেদ D. নীলিমা ইব্রাহিম

ব্যাখ্যা (উত্তর: D): নীলিমা ইব্রাহিম ১৯২১ সালে বাগেরহাট জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর উল্লেখযোগ্য কয়েকটি সাহিত্যকর্ম নিম্নরূপ-

উপন্যাস	বিশ শতকের মেয়ে, বহুবলয়
নাটক	যে অরণ্যে আলো নেই (মুক্তিযুদ্ধভিত্তিক), দুয়ে দুয়ে চার
ছোট গল্প	রমনা পার্কে
প্রবন্ধ	আমি বীরাদনা বলছি।
আত্মজীবনী	বিন্দু-বিসর্গ

যে অরণ্যে আলো নেই

'যে অরণ্যে আলো নেই' ছিল একটি মুক্তিযুদ্ধভিত্তিক নাটক যেখানে নারী পুনর্বাসন কেন্দ্রে এক ব্যক্তি তার স্ত্রীর সাথে দেখা করতে আসলে মুক্তিযুদ্ধের সময় যৌন নির্যাতনের শিকার সেই নারী নিজের পীড়াদায়ক অভিজ্ঞতা ব্যক্ত করেন।

19. 'সব বিষয়ে অল্প জ্ঞান যার' এক কথায় প্রকাশ-

- A. পল্লবগ্রাহী B. সমা
C. অজয়া D. স্মার্ত

ব্যাখ্যা (উত্তর: A): কিছু গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ নিম্নরূপ-

সব বিষয়ে অল্প জ্ঞান যার : পল্লবগ্রাহী
যে আপনাকে কৃতার্থ মনে করে : কৃতার্থস্মন্য
কুলের কীর্তি বর্ধনকারী যে সন্তান : কুলপ্রদীপ
স্মৃতিশাস্ত্র রচনা করেন যিনি : শাস্ত্রকার
মৃত জীবজন্তু ফেলা হয় যেখানে : ভাগাড়
অন্য গতি নাই যার : অগত্যা
অভ্রান্ত জ্ঞান : প্রমা
যা আঙনে পোড়ে না : অগ্নিসহ
যা উচ্চারণ করা কঠিন : দুরূচ্চার্য

20. 'তার দুই হাতেই আংটি' বাক্যে 'হাতেই' শব্দটি কি অর্থে ব্যবহার করা হয়েছে?

- A. দক্ষতা B. প্রাচুর্যতা
C. আঙ্গুল D. কর্তৃত্ব

ব্যাখ্যা (উত্তর: C): 'তার দুই হাতেই আংটি' বাক্যে 'হাতেই' শব্দটি আঙ্গুল অর্থে ব্যবহার করা হয়েছে। নিচে এমন কিছু শব্দের ব্যবহার দেখানো হলো যেগুলো বিভিন্ন স্থানে বিভিন্ন রকম অর্থ প্রদান করে-

কাঁচা	কাঁচা ঘুম	অল্প সময়ের ঘুম
	কাঁচা চুল	কালো চুল
	কাঁচা লোক	আনাড়ি
মুখ	মুখ করা	গালমন্দ করা
	মুখ ধরা	স্বাদের পরিবর্তন
	মুখ রাখা	সম্মান রাখা
মাথা	মাথা ব্যথা	অস্বস্তি
	মাথা ধরা	রোগ বিশেষ

21. 'রাজায় রাজায় যুদ্ধ হয়' বাক্যে রাজায় রাজায় কোন ধরনের কর্তৃকারক?

- A. প্রযোজ্য কর্তা B. ব্যতিহার কর্তা
C. সাধন কর্তা D. উক্ত কর্তা

ব্যাখ্যা (উত্তর: B): কোনো বাক্যে যে দুটো কর্তা একত্রে এক জাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে। যেমন : বাঘে-মহিষে এক ঘাটে জল খায়। রাজায় রাজায় যুদ্ধ হয়।

22. নিচের কোনটি ভাববাচ্যের উদাহরণ?

- A. এবার মাছ ধরা যাক B. তোমার বেড়ানো হলো
C. কোথা থেকে আসা হচ্ছে? D. সবকিছু

ব্যাখ্যা (উত্তর: D): যে বাক্যে কর্ম থাকেনা এবং ক্রিয়ার অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যে ক্রিয়াপদ সর্বদাই নাম পুরুষের হয়। ভাববাচ্যে কখনও কখনও কর্তা উহ্য থাকে, কর্ম দ্বারাই ভাববাচ্য গঠিত হয়। কয়েকটি ভাববাচ্যের উদাহরণ হলো-

- > এবার মাছ ধরা যাক।
- > তোমার বেড়ানো হলো।
- > কোথা থেকে আসা হচ্ছে?
- > আমার যাওয়া হলো না।

23. নিচের কোন উপসর্গটি বাংলা ও তৎসম উভয় ক্ষেত্রে পাওয়া যায়?

- A. নি B. কু
C. প্র D. সা

ব্যাখ্যা (উত্তর: A):

বাংলা উপসর্গ (২১টি)	১. অ, ২. অঘা, ৩. অজ, ৪. অনা, ৫. আ, ৬. আড়, ৭. আন, ৮. আব, ৯. ইতি, ১০. উন, ১১. কদ, ১২. কু, ১৩. নি, ১৪. পাতি, ১৫. বি, ১৬. ভর, ১৭. রাম, ১৮. স, ১৯. সা, ২০. সু, ২১. হা
সংস্কৃত উপসর্গ (২০টি)	১. প্র, ২. পরা, ৩. অপ, ৪. সম, ৫. নি, ৬. অব, ৭. অনু, ৮. নির, ৯. দুর, ১০. বি, ১১. সু, ১২. উৎ, ১৩. অধি, ১৪. পরি, ১৫. প্রতি, ১৬. উপ, ১৭. অভি, ১৮. অতি, ১৯. আ, ২০. অপি
ফারসি উপসর্গ	১. কার, ২. দর, ৩. না, ৪. নিম, ৫. ফি, ৬. বদ, ৭. বে, ৮. বর, ৯. ব, ১০. কম
আরবি উপসর্গ	১. আম, ২. লা, ৩. খাস, ৪. গর, ৫. বাজে, ৬. খয়ের
ইংরেজি উপসর্গ	১. ফুল, ২. হাফ, ৩. সাব, ৪. হেড
উর্দু-হিন্দি উপসর্গ	১. হর, ২. হরেক
আ, সু, বি, নি - এই চারটি উপসর্গ খাঁটি বাংলা ও তৎসম (সংস্কৃত) উভয় ক্ষেত্রে দেখা যায়।	

24. নিচের কোনটি ব্যতিক্রম?

- A. গীতাঞ্জলি B. গীতালি
C. গীতবিতান D. গীতিগুচ্ছ

ব্যাখ্যা (উত্তর: D):

সাহিত্যকর্ম	ধরণ	রচয়িতা
গীতাঞ্জলি	কাব্যগ্রন্থ	রবীন্দ্রনাথ ঠাকুর
গীতালি	কাব্যগ্রন্থ	
গীতবিতান	কাব্যগ্রন্থ	
গীতিগুচ্ছ	কাব্যগ্রন্থ	সুকান্ত ভট্টাচার্য

সুতরাং গীতাঞ্জলি, গীতালি ও গীতবিতান রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ বলে এগুলো গীতিগুচ্ছ (সুকান্ত ভট্টাচার্য) থেকে আলাদা।

25. 'সত্য মিথ্যা' ভাবানুবাদ উপন্যাসের লেখক কে?

- A. আলাউদ্দীন আল আজাদ B. আবু রুশদ
C. আবুল মনসুর আহম্মেদ D. আবুল ফজল

ব্যাখ্যা (উত্তর: C):

আবুল মনসুর আহম্মেদ	
প্রবন্ধগ্রন্থ	আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর, শেরে বাংলা থেকে বঙ্গবন্ধু
উপন্যাস	আবে হায়াত, জীবনক্ষুধা, সত্যমিথ্যা
গল্পগ্রন্থ	আয়না, ফুড কনফারেন্স
স্মৃতিকথা	আত্মকথা

English

26. Which of the following word is plural?

- A. Physics B. Ethics
C. Scissors D. News

ব্যাখ্যা (উত্তর: C):

Ethics, mathematics, news, physics, politics noun গুলো দেখতে plural হলেও এগুলো singular হিসেবে ব্যবহৃত হয়।

Scissors, pants, headphones, googles, shoes, clothes, tweezers, glasses, trousers noun গুলো সর্বদা plural অর্থ প্রকাশ করে।

কিছু Noun শব্দ রয়েছে যেগুলো সর্বদাই Singular হিসেবে ব্যবহৃত হয়। যেমন- advice, alphabet, bread, furniture, information, knowledge, poetry, Scenery ইত্যাদি।

27. Which one is noun?

- A. Nostalgic B. Nostalgical
C. Nostalgica D. Nostalgia

ব্যাখ্যা (উত্তর: D): Nostalgic শব্দের অর্থ গৃহকুল বা স্মৃতিবেদনাত্মক।

Noun form	Nostalgia
Adjective form	Nostalgic
Adverb form	Nostalgically

28. The term VIGOR is the same as –
A. Warmth B. Courage
C. Boldness D. Strength

ব্যাখ্যা (উত্তর: D):

মূল শব্দ	অর্থ	Synonyms
Vigor	প্রাণশক্তি	Strength, Sap
Warmth	উষ্ণতা	Heat, Summer
Courage	সাহসীকতা	Boldness

29. Synonym of the word 'Prolific' is–
A. Plenty B. Fertile
C. Conceptual D. Predominant

ব্যাখ্যা (উত্তর: B):

মূল শব্দ	অর্থ	Synonyms
Prolific	উর্বর	Fertile, Fecund
Plenty	প্রচুর	Abundance
Conceptual	ধারণাসঙ্গত	Theoretical
Predominant	উদীয়মান	Ascendant

30. Antonym of the word FRINGE is –
A. Center B. Proximity
C. Breadth D. Outlet

ব্যাখ্যা (উত্তর: A):

মূল শব্দ	অর্থ	Synonyms
Fringe	সীমান্তবর্তী	Border
Center	কেন্দ্র	Kernel, midst
Proximity	নৈকট্য	Vicinity
Breadth	প্রসার	Extension
Outlet	দ্বার	Doorway

সুতরাং Fringe শব্দের বিপরীত শব্দ হলো Center.

31. Which of the following is the opposite of the word BONDAGE?
A. Liberty B. Tharldom
C. Enslavement D. Serfdom

ব্যাখ্যা (উত্তর: A):

মূল শব্দ	অর্থ	Synonyms
Bondage	দাসত্ব	Enslavement, Tharldom, Serfdom
Liberty	স্বাধীনতা	Freedom, Swaraj

সুতরাং Bondage শব্দের বিপরীত শব্দ হলো Liberty.

32. Which one of the following is the analogy of TROPHY : CONTESTANT?
A. Baton : Runner B. Loan : Cashier
C. Honors : Student D. Pride : Parent

ব্যাখ্যা (উত্তর: C):

Trophy (জয়ের স্মৃতিচিহ্ন) : Contestant (প্রতিযোগী)
Baton (ক্ষুদ্র লাঠিবিশেষ) : Runner (সংবাদবাহক)
Loan (ঋণ) : Cashier (কোষাধ্যক্ষ)
Honors (সম্মান/ ডিগ্রি বিশেষ) : Student (ছাত্র-ছাত্রী)
Pride (গর্ব) : Parent (পিতা বা মাতা)

সম্পর্ক : জেতার পর Contestant কে Trophy দেয়া হয় এবং পাশ করার পর Student কে Honors ডিগ্রি দেয়া হয়।

33. which of the following resembles LOGIC: REASONING?
A. Ethics : Behavior
B. Sensitivity : Morality
C. Bravery : Charisma
D. Creativity : Enthusiasm

ব্যাখ্যা (উত্তর: A):

Logic (যুক্তিবিদ্যা) : Reasoning (যুক্তি)
Ethics (নীতিশাস্ত্র) : Behavior (আচরণ)
Sensitivity (সংবেদনশীলতা) : Morality (নৈতিকতা)
Bravery (সাহস) : Charisma (অনন্যসাধারণ প্রতিভা)
Creativity (সৃজনশীলতা) : Enthusiasm (উদ্যম)

সম্পর্ক : Reasoning থেকে Logic বুঝা যায় এবং Behavior থেকে মানুষের Ethics বুঝা যায়।

34. Which one of the following is the analogy of BENCH: STOOL?
A. Room : Veranda
B. Table : Cupboard
C. Cup : Saucer
D. Yardstick : Foot rule

ব্যাখ্যা (উত্তর: D):

Bench : Stool (পা রাখার জন্য ছোট নিচু চৌকি)
Room (ঘর) : Veranda (বারান্দা)
Table (টেবিল) : Cupboard (আলমারি)
Cup (পেয়ালা) : Saucer (পিরিচ)
Yardstick (গজকাঠি) : Foot rule

সম্পর্ক : Bench ও Stool যেমন বসার জন্য ব্যবহৃত হয় তেমনি Yardstick ও Foot rule পরিমাপের জন্য ব্যবহৃত হয়।

35. Fill the gap in the sentence 'He died _____ his country' choosing right preposition.

- A. for B. of
C. on D. by

ব্যাখ্যা (উত্তর: A):

- Die for (দেশের জন্য মরা)
→ Die down (শক্তিহীন হওয়া)
→ Die off (একের পর এক মারা যাওয়া)
→ Die on (ফাঁসিতে মারা যাওয়া)
→ Die away (আস্তে আস্তে বিলীন হওয়া)
→ Die of (রোগে মরা)
→ Die out (বিলুপ্ত হওয়া)
→ Die through (অবহেলায় মরা)
→ Die by (দুর্ঘটনায় মরা)
→ Die from (আঘাতে মরা)

সুতরাং অর্থ অনুসারে অপশন A ই খাপ খায়।

36. Which one of the following spelling is correct?

- A. Miscelaneous B. Miscellaneous
C. Miscelleneous D. Misellaneous

ব্যাখ্যা (উত্তর: B): সঠিক বানানযুক্ত শব্দ হলো Miscellaneous যার অর্থ বিবিধ। আরো কিছু সঠিক বানানযুক্ত শব্দ হলো-

Pragmatic (প্রায়োগিক)	Monotonous (একধেয়ে)
Dither (দ্বিধান্বিত)	Enormous (বিশাল)
Arrogant (অহঙ্কারী)	Minuscule (অতি ক্ষুদ্র)
Peculiar (অদ্ভূত)	Obstreperous (অবাধ্য)

37. Choose the correct spelling from the following?

- A. Sunami B. Shaunami
C. Tsunami D. Tsuname

ব্যাখ্যা (উত্তর: C): সঠিক বানানযুক্ত শব্দ হলো Tsunami। আরো কিছু সঠিক বানানযুক্ত শব্দ নিম্নরূপ-

Dwindle (ত্রাস পাওয়া)	Vibrant (প্রাণবন্ত)
Accretion (বৃদ্ধি)	Tedious (বিরক্তিকর)
Perfidious (দুষ্ট)	Cogent (জোড়ালো)
Iniquitous (অসৎ)	Depiction (বর্ণনা পদ্ধতি)

38. Fill in the gap of the sentence: 'You cannot get this book _____ such a price'.

- A. for B. at
C. with D. on

ব্যাখ্যা (উত্তর: B): Preposition 'at' এর কিছু গুরুত্বপূর্ণ ব্যবহার নিম্নরূপ-

তুলনামূলক ছোট স্থান বোঝাতে- He lives at Dhanmondi in Dhaka
সময় নির্দিষ্ট করে বোঝাতে- Come to the office at 7 P.M.
মাত্রা বোঝাতে- I drive at 70 km per hour.
মূল্য বোঝাতে- You cannot get this book at such a price.
লক্ষ্য করা বা তাকানো বোঝাতে- Look at the bird.
দক্ষতা প্রকাশের ক্ষেত্রে- Rahim is good at Mathematics.
একক প্রচেষ্টার ক্ষেত্রে- Drink the water of glass at a time.

39. Identify a substitute word for the following sentence: 'A name wrongly or unsuitably applied to a person or an object?'

- A. Misnaming B. Misnomer
C. Misreferring D. Assigning

ব্যাখ্যা (উত্তর: B):

কোন ব্যক্তি বা বস্তুর ভুলভাবে বা অনুপযুক্ত ভাবে ব্যবহৃত নামকে বলে : Misnomer (নামের ভুল প্রয়োগ)।

One who hates humans : Misanthrope (মানব বিদ্বেষী)

One who hates women : Misogynist (নারী বিদ্বেষী)

One who hates men : Misandrist (পুরুষ বিদ্বেষী)

One who hates marriage : Misogamist (বিবাহ বিদ্বেষী)

People having both male and female characteristics : Androgynous

One who walks in sleep : Somnambulist

40. Identify a substitute word for the following sentence 'One who believes that all things and events in life are predetermined'—

- A. Egoist B. Puritan
C. Fatalist D. Tyrant

ব্যাখ্যা (উত্তর: C):

Fatalist (অদৃষ্টবাদী) : Someone who believes that people cannot change the way events will happen and that events, especially bad ones, cannot be avoided. (যে বিশ্বাস করে যে মানুষ ভাগ্য পরিবর্তন করতে পারে না এবং যা ঘটবে তা ঘটবেই)।

Puritan : A member of a group of English Protestants of the late 16th and 17th centuries who regarded the Reformation of the Church under Elizabeth I as incomplete and sought to simplify and regulate forms of worship

Egoist (স্বার্থপর/দান্তিক ব্যক্তি): A self-centered or selfish person.

Tyrant (অত্যাচারী) : A person exercising power or control in a cruel, unreasonable, or arbitrary way.

41. Select the most appropriate option to complete the sentences: 'Do not quarrel over the money. Share itthe five of you'.

- A. among B. between
C. equally D. by

ব্যাখ্যা (উত্তর: A): দুই জনের মধ্যে কোনো কিছু বণ্টন করা হলে between preposition বসে এবং তিনজন বা তার বেশি সংখ্যক মানুষের মধ্যে কোনো কিছু বণ্টন করা হলে among preposition ব্যবহৃত হয়। আলোচ্য প্রশ্নে ৫ জনের মধ্যে শেয়ার করতে বলা হয়েছে বলে among হবে।

42. Pick appropriate word and complete the sentence: ".....at the top of my voice, I tried to warn everybody."

- A. Having shouted B. Being shouted
C. Since I shouted D. Shouting

ব্যাখ্যা (উত্তর: D): বাক্যটিতে কোনো একটি কাজ করা বোঝাচ্ছে বলে Present participle অর্থাৎ verb+ing এর structure হবে। সেজন্য মূল verb 'shout' এর সাথে ing যুক্ত হয়ে shouting হবে যা অপশন D এ আছে।

43. The word 'Itinerary' means –

- A. list of items to be discussed
B. list of events f a fixed time
C. plan of a journey
D. record of events occurred in a day

ব্যাখ্যা (উত্তর: C): কিছু গুরুত্বপূর্ণ শব্দার্থ নিম্নরূপ-

Itinerary : ভ্রমণ সংক্রান্ত পরিকল্পনা

First Language : কোনো ব্যক্তির মাতৃভাষাকে First Language বলে।

Lingua Franca : বিভিন্ন ভাষার জনগোষ্ঠী একত্রিত হলে তাদের মধ্যে ভাবের আদান-প্রদানের জন্য যে Common language ব্যবহৃত হয় তাকে Lingua Franca বলে।

Dilly dally : টালবাহানা করে সময় নষ্ট করাকে Dilly dally বলে।

Boot leg : কোনো কিছু অবৈধভাবে তৈরি ও বিক্রয় করাকে Boot leg বলে।

Bull market : যে সময়ে শেয়ার বাজারে শেয়ারের দাম হঠাৎ বেড়ে যায় এবং মানুষ বেশি বেশি শেয়ার কিনতে থাকে সেই সময়কে Bull market বলে।

44. Which one of the following sentences is correct?

- A. I found his pulse
B. I examined his pulse.
C. I saw his pulse.
D. I felt his pulse

ব্যাখ্যা (উত্তর: D): রোগীর নাড়ী দেখা অর্থে Feel someone's pulse ব্যবহৃত হয়। নাড়ী না দেখে অনুভব করতে হয় বলে 'saw' না হয়ে 'felt' হবে।

45. Choose from the following options for correcting the underlined portion of the sentence 'Matin is one of the few students who has brought real honor to the college'.

- A. has brought real honor to
B. has really honored
C. has rough real honor for
D. have brought real honor to

ব্যাখ্যা (উত্তর: D):.

- i. Subject +verb+one of+plural noun+singular verb.
ii. Subject +verb+one of+plural noun+who+plural verb.

আমরা জানি, One of the এর পরে plural noun কিন্তু singular verb বসে। তবে One of the এর পরে who বসলে তারপর যে verb আসবে সেটি plural হবে। তাই সঠিক উত্তর হলো অপশন D.

46. Which of the following options should be used to replace the underlined portion to correct the sentence 'Arafat has the guts to rise from the occasion and come out successful'.

- A. to rise to B. in rising from
C. to raise with D. to rise against

ব্যাখ্যা (উত্তর: A): To rise to the occasion একটি phrase যার অর্থ অধিকতর ভালো কিছু প্রদর্শন করা। অপশন A (to rise to) বসালে বাক্যটি সঠিক হয়।

47. What is the passive form of the sentence 'I had already shown her photo to the policeman'?

- A. The policeman was already shown her photo.
B. Her photo was already been shown to the policeman.
C. The policeman has already been shown her photo.
D. The policeman had already been shown her photo.

ব্যাখ্যা (উত্তর: D):

Past perfect tense এর active voice কে passive voice এ পরিবর্তনের নিয়ম-

Structure	Object এর subjective form+had been+ মূল verb এর past participle+by+subject টির objective form বসে।
-----------	--

Example	Active : I had already shown her photo to the policeman Passive: The policeman had already been shown her photo by me.
---------	---

48. Which of the following is correct?

- A. Neither the workers nor their leader were present.
B. Neither the workers nor their leader was present.
C. Neither the workers nor their leader were in presence.
D. Neither the workers nor their leader have presented.

ব্যাখ্যা (উত্তর: B): Not..... but, Either....or, Neither....nor, Not only..... but also এর ক্ষেত্রে but, or, nor, but also এর পর যে subject থাকবে সেই subject অনুযায়ী verb এবং pronoun হবে। অর্থাৎ এদের পর noun plural হলে verb ও plural হবে এবং noun singular হলে verb ও singular হবে। উপর্যুক্ত বাক্যে nor এর পর singular subject (Their leader) আছে, তাই verb ও singular (was) হবে। সুতরাং সঠিক উত্তর হলো অপশন B.

49. Which of the following is a feminine gender?

- A. Swan B. Baby
C. Niece D. Dancer

ব্যাখ্যা (উত্তর: C): সম্পূর্ণ ভিন্ন শব্দ ব্যবহার করে কিছু কিছু Masculine gender কে Feminine gender এ রূপান্তরিত করা হয়। যেমন-

Masculine gender	Feminine gender
Ram (ভেড়া)	Ewe (ভেড়ী)
Bachelor (কুমার)	Maid/Spinster (কুমারী)
Buck (হরিণ)	Doe (হরিণী)
Dog (কুকুর)	Bitch (কুকুরী)
Drake (পাতিহাঁস)	Duck (পাতিহাঁসী)
Drone (গুং মৌমাছি)	Bee (স্ত্রী মৌমাছি)
Gander (রাজহংস)	Goose (রাজহংসী)
Horse (ঘোটক)	Mare (ঘোটকী)
Lad (বালক)	Lass (বালিকা)
Nephew (ভাইপো)	Niece (ভাইঝি)
Stage (হরিণ)	Hind (হরিণী)
Tailor (দর্জি)	Seamstress (মহিলা দর্জি)
Widower (বিপত্নীক)	Widow (বিধবা)
Wizard (যাদুকর)	Witch (যাদুকরী)

50. In the sentence "I already told him about the party". Here 'already' is –

- A. Adjective B. Adverb
C. Preposition D. Interjection

ব্যাখ্যা (উত্তর: B): প্রদত্ত বাক্যে already শব্দটি বাক্যের ক্রিয়াকে বিশেষিত করার কারণে already শব্দটি হলো adverb.

Math

51. $2^{30} + 2^{30} + 2^{30} + 2^{30} = ?$

- A. 8^{30} B. 8^{120}
C. 2^{32} D. 2^{30}

ব্যাখ্যা (উত্তর: C):

$$\begin{aligned} & 2^{30} + 2^{30} + 2^{30} + 2^{30} \\ &= 4 \times 2^{30} \text{ [যেহেতু মোট } 2^{30} \text{ আছে 4টি]} \\ &= 2^2 \times 2^{30} \\ &= 2^{2+30} = 2^{32} \end{aligned}$$

52. If the sum of 3 consecutive integer is 210, then the sum of the two smaller integer is – (তিনটি ধারাবাহিক পূর্ণ সংখ্যার যোগফল ২১০, তাহলে ছোট দুটি সংখ্যার যোগফল হল-)

- A. 139 B. 140
C. 141
D. Cannot be determined

ব্যাখ্যা (উত্তর: A): মনেকরি, তিনটি ধারাবাহিক সংখ্যা যথাক্রমে x, x+1, x+2

$$\text{প্রশ্নমতে, } x+x+1+x+2=210$$

$$\Rightarrow 3x+3=210$$

$$\Rightarrow 3x=207$$

$$\Rightarrow x=69$$

$$\text{ছোট সংখ্যা দুটির যোগফল} = 69+70=139$$

Shortcut :

$$\text{Middle number} = \frac{210}{3} = 70$$

$$\text{Sum of smaller two} = 69+70 = 139$$

53. If $a^x = b$ and $b^y = a$, then find the value of xy.

- A. 1 B. 0
C. a D. y

ব্যাখ্যা (উত্তর: A):

$$\text{Given that, } a^x = b$$

$$b^y = a$$

$$\Rightarrow a^{xy} = a \text{ [since, } b=a^x]$$

$$\Rightarrow a^{xy} = a^1$$

$$\Rightarrow xy = 1$$

54. If $a^2 + b^2 = 45$ and $ab = 18$, find $\frac{1}{a} + \frac{1}{b}$

- A. $\frac{1}{3}$ B. $\frac{1}{2}$
C. $\frac{2}{3}$ D. $\frac{1}{4}$

ব্যাখ্যা (উত্তর: B): আমরা জানি,

$$(a+b)^2 = a^2 + b^2 + 2ab = 45 + (2 \times 18) = 81$$

$$\therefore a+b=9$$

$$\text{এখন } \frac{1}{a} + \frac{1}{b} = \frac{a+b}{ab} = \frac{9}{18} = \frac{1}{2}$$

55. If 1 is added to the numerator of a fraction, the fraction becomes 1. If 1 is added to the denominator, the fraction becomes $\frac{1}{2}$. Find the fraction. (একটি

ভগ্নাংশের লবের সাথে ১ যোগ করা হলে ভগ্নাংশটি ১ হয়। যদি হরের সাথে ১ যোগ করা হয় ভগ্নাংশটি $\frac{1}{2}$ হয়। ভগ্নাংশটি কত?)

- A. $\frac{1}{3}$ B. $\frac{1}{2}$
C. $\frac{2}{3}$ D. $\frac{3}{4}$

ব্যাখ্যা (উত্তর: C): ধরি, ভগ্নাংশটির লব x এবং হর y

$$\therefore \text{ভগ্নাংশটি } \frac{x}{y}$$

প্রথম শর্তমতে,

$$\frac{x+1}{y} = 1$$

$$\Rightarrow y = x+1 \dots \dots \dots (i)$$

দ্বিতীয় শর্তমতে,

$$\frac{x}{y+1} = \frac{1}{2}$$

$$\Rightarrow 2x = y+1$$

$$\Rightarrow 2x = x+1+1$$

$$\Rightarrow x = 2$$

(i) নং সমীকরণে x এর মান বসিয়ে পাই,

$$y = x+1$$

$$\Rightarrow y = 2+1 = 3$$

$$\therefore \text{ভগ্নাংশটি} = \frac{x}{y} = \frac{2}{3}$$

56. Students of a class stand in a queue. If Ratan is 19th in order from both ends, how many students are there in the queue?

(একটি ক্লাসের সকল ছাত্র-ছাত্রী লাইনে দাঁড়ালো। রতন সামনে এবং পিছন উভয় দিক থেকেই ১৯তম স্থানে আছে, তাহলে লাইনে কত জন ছাত্র-ছাত্রী আছে?)

- A. 20 B. 37
C. 38 D. 39

ব্যাখ্যা (উত্তর: B): রতন লাইনের ১৯তম ব্যক্তি। তার সামনে আছে ১৮ জন এবং পিছনে আছে ১৮ জন। তাহলে মোট ছাত্র-ছাত্রী সংখ্যা = ১৮+১+১৮ = ৩৭ জন।

57. The cost of 9 mangoes and 5 apples is equal to the cost of 7 mangoes and 8 apples. Find the ratio between the cost of 1 mango and the cost of one apple.

(৯টি আম এবং ৫টি আপেলের ক্রয়মূল্যের সমান হলো ৭টি আম এবং ৮টি আপেলের ক্রয়মূল্য। তাহলে একটি আম এবং একটি আপেলের ক্রয়মূল্যের অনুপাত বের করুন।)

- A. 3:2 B. 2:3
C. 5:8 D. 9:7

ব্যাখ্যা (উত্তর: A): ধরি, প্রতিটি আমের ক্রয়মূল্য m এবং প্রতিটি আপেলের ক্রয়মূল্য a

প্রশ্নমতে,

$$9m+5a = 7m+8a$$

$$\Rightarrow 9m-7m = 8a-5a$$

$$\Rightarrow 2m = 3a$$

$$\Rightarrow \frac{m}{a} = \frac{3}{2}$$

58. A shopkeeper has sufficient money to buy 50 books. On reduction in the price of each book by TK. 4, he could buy 10 books more. How much money does he has?

(একজন দোকানদারের ৫০টি বই ক্রয়ের মতো পর্যাপ্ত পরিমাণ টাকা আছে। প্রতিটি বইয়ের মূল্য ৪ টাকা করে হ্রাস পাবার ফলে, সে ১০টি বই বেশি কিনতে পারে। তার কাছে মোট কত টাকা আছে?)

- A. Tk. 1000 B. Tk. 1200
C. Tk. 1500 D. Tk. 2000

ব্যাখ্যা (উত্তর: B): ধরি, প্রতিটি বইয়ের ক্রয়মূল্য x টাকা সুতরাং তার কাছে মোট টাকা আছে 50x

প্রতিটি বইয়ের মূল্য ৪ টাকা করে হ্রাস পেলে সে মোট বই কিনতে পারবে 60 কপি।

$$\text{প্রশ্নমতে, } 50x = (x-4) \times 60$$

$$\Rightarrow 50x = 60x - 240$$

$$\Rightarrow 10x = 240$$

$$\Rightarrow x = 24$$

$$\text{তার কাছে মোট টাকা আছে} = 50x = 50 \times 24 = 1200$$

59. A man deposits certain amount in his bank account. After a few days, he withdraws half of the money deposited and deposits tk. 500 more. If he has a balance of TK. 2000 in his bank account, find the amount deposited initially. (একজন ব্যক্তি তার ব্যাংক হিসাবে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা করে। কিছুদিন পর, সে তার জমাকৃত অর্ধের অর্ধেক পরিমাণ টাকা উত্তোলন করে এবং আরো ৫০০ টাকা জমা করে। তার ব্যাংক হিসাবে ২০০০ টাকা জমা আছে, সে প্রাথমিক অবস্থায় কত টাকা জমা করেছিল?)

- A. Tk. 1500 B. Tk. 2000
C. Tk. 25000 D. Tk. 3000

ব্যাখ্যা (উত্তর: D):

ধরি, প্রাথমিক জমার পরিমাণ x টাকা

$$\text{প্রশ্নমতে, } (x - \frac{x}{2}) + 500 = 2000$$

$$\Rightarrow \frac{2x - x}{2} = 1500$$

$$\Rightarrow \frac{x}{2} = 1500$$

$$\Rightarrow x = 3000$$

60. A worker earns Tk. 250 on the first day and spends Tk. 200 on the second day, earns Tk. 250 on the third day and again spends Tk. 200 on the fourth day and so on. On which day would he have had Tk. 1000? (একজন শ্রমিক প্রথম দিনে ২৫০ টাকা আয় করে এবং দ্বিতীয় দিনে ২০০ টাকা ব্যয় করে, তৃতীয় দিনে ২৫০ টাকা আয় করে এবং চতুর্থ দিনে ২০০ টাকা ব্যয় করে এবং এভাবেই চলতে থাকে। তাহলে কত তম দিনে তার কাছে ১০০০ টাকা থাকবে?)

- A. 20th day B. 30th day
C. 31th day D. 40th day

ব্যাখ্যা (উত্তর: C):

প্রতি দুই দিনে জমা হয় = ২৫০ - ২০০ = ৫০ টাকা।

গড়ে প্রতিদিন জমা হয় ২৫ টাকা

শেষ দিনে হাতে থাকবে ২৫০ টাকা

বাকি থাকে = ১০০০ - ২৫০ = ৭৫০ টাকা

$$৭৫০ \text{ টাকা জমা হবে} = \frac{৭৫০}{২৫} = ৩০ \text{ দিনে}$$

সুতরাং মোট দিন লাগবে = ৩০ + ১ = ৩১ দিন

61. In a group of 135 persons, 50% people contributed tk. 40 each, 30% contributed Tk. 60 each and the remaining persons contributed TK. 80. Find the average contribution for the group. (একটি গ্রুপের ১৩৫ জন মানুষের মধ্যে, ৫০% প্রত্যেকে ৪০ টাকা, ৩০% প্রত্যেকে ৬০ টাকা এবং বাকিরা সবাই প্রত্যেকে ৮০ টাকা করে দিল। গ্রুপের প্রত্যেকের গড় অবদান কত?)

- A. Tk. 50 B. Tk. 54
C. Tk. 60 D. Tk. 62

ব্যাখ্যা (উত্তর: B):

ধরি, গ্রুপের মোট সদস্য সংখ্যা 100 জন

50% এর অবদান = 50 × 40 = 2000

30% এর অবদান = 30 × 60 = 1800

20% এর অবদান = 20 × 80 = 1600


মোট প্রাপ্ত অর্থ = 2000 + 1800 + 1600 = 5400

$$\text{গড়} = \frac{\text{মোট প্রাপ্ত অর্থ}}{\text{মোট ব্যক্তির সংখ্যা}} = \frac{5400}{100} = 54$$

62. The length of one side of a square inscribed in a circle is 2. What is the area of the circle? (বৃত্তের ভিতরে বর্গের এক বাহুর দৈর্ঘ্য 2. বৃত্তের ক্ষেত্রফল কত?)

- A. $\frac{\pi}{2}$ B. π
C. $\sqrt{2} \pi$ D. 2π

ব্যাখ্যা (উত্তর: D):



$$\text{এখানে, বর্গের কর্ণ} = \sqrt{2} \times 2 = 2\sqrt{2}$$

$$\therefore \text{বৃত্তের ব্যাসার্ধ} = \frac{2\sqrt{2}}{2} = \sqrt{2}$$

$$\therefore \text{বৃত্তের ক্ষেত্রফল} = \pi(\sqrt{2})^2 = 2\pi$$

63. If 4% of (P + Q) are 8 and P is a positive integer. What is the greatest possible value of Q? ((P + Q) এর 4% হলো 8 এবং P একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা। Q এর সম্ভাব্য সবচেয়ে বড় মান অপশনের কোনটি হতে পারে?)

- A. 200 B. 199 C. 198 D. 196

ব্যাখ্যা (উত্তর: B):

$$(P + Q) 4\% = 8$$

$$\Rightarrow (P + Q) \times \frac{4}{100} = 8$$

$$\Rightarrow \frac{4(P + Q)}{100} = 8$$

$$\Rightarrow 4P + 4Q = 800$$

$$\Rightarrow P + Q = 200$$

এখন, Q এর সবচেয়ে বড় হবে যেটিই সেখানে P এর মান হবে সবচেয়ে কম। কাজেই P ও Q এর সমষ্টি 200 এবং P ধনাত্মক পূর্ণ সংখ্যা বলে P এর সবচেয়ে ছোট মান হবে 1 এবং Q এর সর্বোচ্চ মান সেক্ষেত্রে, $200 - P = 200 - 1 = 199$ পর্যন্ত হতে পারে। তাই উত্তর হবে B।

64. Income of A is 25% less than B. What percent B's income would be more than A? (A এর আয় B এর আয় থেকে ২৫% কম। তাহলে B এর আয় A এর আয় থেকে কত শতাংশ বেশি?)

A. 35% B. 33.33%

C. 30% D. 25%

ব্যাখ্যা (উত্তর: B): ধরি, B এর Income = 100 টাকা

$$\therefore A \text{ এর Income} = (100 - 25) = 75 \text{ টাকা}$$

$$\therefore B \text{ এর Income বেশি হয়} = (100 - 75) = 25 \text{ টাকা}$$

$$75 \text{ টাকায় বেশি} = 25 \text{ টাকা}$$

$$\therefore 100 \text{ টাকায় বেশি} = \frac{25 \times 100}{75} = 33\frac{1}{3}\%$$

Shortcut : B এর আয় A এর আয় থেকে যত

$$\text{শতাংশ বেশি} = \frac{100 \times \text{যত শতাংশ বেশি}}{100 - \text{যত শতাংশ বেশি}}$$

$$= \frac{100 \times 25}{100 - 25} = 33.33\%$$

65. If a rectangle length and width are both doubled, by what percent is the rectangle's area increased? (একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ দ্বিগুণ করা হলে এর ক্ষেত্রফল কত শতাংশ বৃদ্ধি পাবে?)

A. 50% B. 100%

C. 200% D. 300%

ব্যাখ্যা (উত্তর: D): ধরি,

প্রাথমিক অবস্থায় আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a এবং প্রস্থ b

$$\text{সুতরাং ক্ষেত্রফল} = ab$$

দৈর্ঘ্য ও প্রস্থ দ্বিগুণ করার পর আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 2a

এবং প্রস্থ 2b

$$\text{নতুন ক্ষেত্রফল} = 2a \times 2b = 4ab$$

$$\text{ক্ষেত্রফল বৃদ্ধি} = 4ab - ab = 3ab$$

$$\text{ক্ষেত্রফল শতকরা বৃদ্ধি} = \frac{3ab}{ab} \times 100 = 300\%$$

66. A box contains 90 nuts each of 100 gm and 100 bolts each of 150 gm. If the entire box weights 35.5 kg, then find the weight of the empty box. (একটি বক্সে ৯০টি Nuts আছে যার প্রতিটির ওজন ১০০ গ্রাম এবং ১০০টি Bolts আছে যার প্রতিটির ওজন ১৫০ গ্রাম। সম্পূর্ণ বক্সটির (Nuts ও Bolts সহ) ওজন ৩৫.৫ কেজি, খালি বক্সটির ওজন কত?)

A. 10.5 kg

B. 11kg

C. 11.5kg

D. 24 kg

ব্যাখ্যা (উত্তর: C):

$$\text{Nuts weight} = 90 \times 100 = 9000 \text{gms}$$

$$\text{Bolts weight} = 100 \times 150 = 15000 \text{gms}$$

$$\text{Weight} = \text{Nuts} + \text{Bolts} = 24000 \text{gms}$$

$$= 24 \text{ kg}$$

$$\text{Given entire box weight} = 35.5 \text{kg}$$

$$\text{Empty box} = \text{Entire box weight} - \text{weight of Nuts and Bolts}$$

$$= 35.5 \text{kg} - 24 \text{kg}$$

$$= 11.5 \text{kg}$$

So the empty box is 11.5kg.

67. A wholesaler bought 1200 radios for Tk. 18 each. The wholesaler sold 60 percent of the radios for Tk. 30 each and the rest for Tk. 15 each. What is the wholesaler's average (arithmetic mean) profit per radio? (একজন পাইকারী বিক্রেতা প্রতিটি রেডিও ১৮ টাকা দরে ১২০০ কপি রেডিও ক্রয় করলো। পাইকারী বিক্রেতা প্রতিটি ৩০ টাকা দরে ৬০% রেডিও বিক্রয় করলো এবং বাকীগুলো প্রতিটি ১৫ টাকা দরে বিক্রয় করলো। তাহলে বিক্রেতার প্রতিটি রেডিও থেকে গড় মুনাফা কত?)

A. Tk. 6

B. Tk 5

C. Tk. 4

D. TK. 3

ব্যাখ্যা (উত্তর: A):

$$1200 \text{ রেডিও এর ক্রয়মূল্য} = 1200 \times 18 = 21600$$

$$1200 \text{ এর } 60\% \text{ রেডিও} = 1200 \times 60\% = 720$$

$$720 \text{ কপি এর বিক্রয়মূল্য} = 720 \times 30 = 21600$$

$$1200 \text{ এর } 40\% \text{ রেডিও} = 1200 \times 40\% = 480$$

$$480 \text{ কপি এর বিক্রয়মূল্য} = 480 \times 15 = 7200$$

$$\text{মোট বিক্রয়মূল্য} = 21600 + 7200 = 28800$$

$$\text{মোট মুনাফা} = \text{বিক্রয়মূল্য} - \text{ক্রয়মূল্য}$$

$$= 28800 - 21600$$

$$= 7200$$

$$\text{গড় মুনাফা} = \frac{\text{মোট মুনাফা}}{\text{মোট রেডিও}} = \frac{7200}{1200} = 6$$

68. If a person walks at 14 km / hr instead of 10 km / hr, he can cover 20 km more. The actual distance travelled by him is— (একজন ব্যক্তি ঘণ্টায় ১০ কিলোমিটারের পরিবর্তে ১৪ কিলোমিটার হাটলে সে ২০ কিলোমিটার বেশি হাটতে পারে। তাহলে সে প্রকৃতপক্ষে কতটুকু দূরত্ব অতিক্রম করলো?)

A. 50 km B. 56 km

C. 70 km D. 80 km

ব্যাখ্যা (উত্তর: A):

Let the actual distance travelled be x km.

$$\text{Then, } \frac{x}{10} = \frac{x+20}{14}$$

$$\Rightarrow 14x = 10x + 200$$

$$\Rightarrow 4x = 200$$

$$\Rightarrow x = 50 \text{ km}$$

69. Eight people are planning to share equally the cost of a rental car. If one person withdraws from the arrangement and the others share equally the entire cost of the car, then the share of each of the remaining persons will be increased by — (৮ জন ব্যক্তি একটি ভাড়া গাড়ির খরচ সমানভাবে বহন করার জন্য পরিকল্পনা করলো। যদি একজন ব্যক্তি আয়োজনে যাবার জন্য অসম্মতি জানায় এবং বাকিরা সবাই পুরো খরচ সমানভাবে বহন করে, তাহলে বাকি প্রত্যেকের খরচের অংশ কতটুকু বৃদ্ধি পাবে?)

A. $\frac{1}{8}$

B. $\frac{1}{7}$

C. $\frac{7}{8}$

D. None of these

ব্যাখ্যা (উত্তর: B):

$$\text{Original share of 1 person} = \frac{1}{8}$$

$$\text{new share of 1 person} = \frac{1}{7}$$

$$\therefore \text{বৃদ্ধি} = \frac{1}{7} - \frac{1}{8} = \frac{1}{56}$$

$$\therefore \text{নির্ণেয় Fraction} = \frac{\frac{1}{56}}{\frac{1}{8}} = \frac{1}{7}$$

70. Present age of Fariha is thrice the present age of Samira who is 20. How many years ago was the age of Fariha five times that of Samira? (ফারিহা এর বর্তমান বয়স সামিরার বয়সের তিনগুন এবং তার বয়স ২০ বছর। কত বছর পূর্বে ফারিহার বয়স সামিরার বয়সের পাঁচগুন ছিল?)

A. 3

B. 6

C. 7.5

D. 10

ব্যাখ্যা (উত্তর: D):

$$\text{দেয়া আছে, সামিরার বয়স} = 20 \text{ বছর}$$

$$\text{ফারিহার বয়স} = 20 \times 3 = 60 \text{ বছর}$$

ধরি, x বছর আগে ফারিহার বয়স সামিরার বয়সের পাঁচগুন ছিল।

$$\text{প্রশ্নমতে, } (20 - x) \times 5 = 60 - x$$

$$\therefore x = 10$$

General Knowledge

71. 'Dengue' is a—

A. Latine word

B. English word

C. French word

D. Spanish word

ব্যাখ্যা (উত্তর: D): ডেঙ্গু একটি স্প্যানিশ শব্দ। ডেঙ্গু একটি ভাইরাসজনিত রোগ। এডিস মশার কামড়ে বিশেষ করে 'এডিস এজিপটাই' প্রজাতির মশার কামড়ে এটা ছড়িয়ে পড়ে। উল্লেখ্য, ম্যালেরিয়া একটি ইতালিয়ান শব্দ এবং চিকনগুনিয়া কিমাকেন্ডি (তানজানিয়া) ভাষার শব্দ।

72. Who is the first female 'Megsesey' award winner in Bangladesh?

- A. Anwar Syed Haq
B. Mokbula Manzoor
C. Taherunnesa Abdullah
D. Tahmina Anam

ব্যাখ্যা (উত্তর: C): রামোন ম্যাগসেসে পুরস্কার প্রথম দেওয়া হয় ১৯৫৮ সালে। এই পুরস্কারটি প্রবর্তন করা হয় ফিলিপাইনের প্রয়াত প্রেসিডেন্ট রামোন ম্যাগসেসেকে স্মরণ করে। এ পুরস্কার এশিয়ার নোবেল পুরস্কার হিসেবে খ্যাত। প্রতিবছর ৬টি শ্রেণিতে এশিয়ার বিভিন্ন ব্যক্তি ও সংগঠনকে এ পুরস্কার দেয়া হয়। যথা: ১. সাংবাদিকতা, সাহিত্য ও যোগাযোগে উদ্ভাবনী কলা, ২. শান্তি ও আন্তর্জাতিক সমঝোতা, ৩. সরকারি সেবা, ৪. জনসেবা, ৫. সামাজিক নেতৃত্ব, ৬. নতুন নেতৃত্ব। বাংলাদেশের নারী অধিকার বাস্তবায়ন নেত্রী তাহেরুনnesa আবদুল্লাহ প্রথম বাংলাদেশি হিসেবে এ পুরস্কার লাভ করেন ১৯৭৮ সালে। এছাড়া ফজলে হাসান আবেদ (১৯৮০), ড. মুহম্মদ ইউনুস (১৯৮৪), ড. এঞ্জেল গমেজ (১৯৯৯), সৈয়দা রিজওয়ানা হাসান (২০১২), ফেরদৌসী কাদরী (২০২১) সহ মোট ১২ জন বাংলাদেশী এ পুরস্কার লাভ করেছেন।

73. How many Bengalis have been with the 'Knighthood' title?

- A. 2
B. 4
C. 5
D. 3

ব্যাখ্যা (উত্তর: D): যুক্তরাজ্যের রানির দেওয়া অন্যতম সর্বোচ্চ উপাধি 'নাইটহুড'। এখন পর্যন্ত তিন জন বাঙালি এ উপাধি অর্জন করেছেন। তারা হলেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর (গ্রহণ: ১৯১৫ সাল, ত্যাগ : ১৯১৯ সাল), ব্রাকের প্রতিষ্ঠাতা ফজলে হাসান আবেদ (২০১০ সাল) এবং আখলাকুর রহমান চৌধুরী (২০১৭ সাল)।

74. Who is the designer of the official logo of the Bangladesh government?

- A. A N A Saha
B. Kamrul Hasan
C. Narayan Das
D. Fazle Hasan

ব্যাখ্যা (উত্তর: A): বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামে রয়েছে লাল রঙের বৃত্তের মাঝে হলুদ রঙের বাংলাদেশের মানচিত্র। বৃত্তের উপরের দিকে লেখা আছে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ', নিচে লেখা 'সরকার' এবং বৃত্তের পাশে দুটি করে মোট চারটি তারকা আছে। মনোগ্রামটির ডিজাইনার এ এন এ সাহা।

75. Which Mughal Emperor is laid to rest in Yangon?

- A. Sher Shah
B. Elias Shah
C. Bahadur Shah
D. Jafar Shah

ব্যাখ্যা (উত্তর: C): শেষ মোঘল সম্রাট ছিলেন দ্বিতীয় বাহাদুর শাহ। সিপাহী বিদ্রোহের পর ১৮৫৮ সালে তাঁকে রেঙ্গুনে (বর্তমান ইয়াদুন) নির্বাসন দেয়া হয়। ১৮৬২ সালে তিনি রেঙ্গুনে নির্বাসিত অবস্থায় মৃত্যুবরণ করেন। রেঙ্গুনেই তাঁকে সমাহিত করা হয়। উল্লেখ্য, মোঘল সম্রাজের প্রতিষ্ঠাতা জহির উদ্দিন মুহম্মদ বাবর।

76. Which of the following is the largest border in the world between two countries?

- A. USA – Canada
B. Russia – China
C. Brazil – Argentinian
D. India – China

ব্যাখ্যা (উত্তর: A): পৃথিবীর সবচেয়ে বৃহৎ বর্ডার রয়েছে কানাডা ও যুক্তরাষ্ট্রের মধ্যে। এ দুই দেশের মধ্যে বর্ডার রয়েছে ৮৮৯০ কিলোমিটার। দ্বিতীয় বৃহত্তম বর্ডার রয়েছে রাশিয়া ও কাজাখস্তানের মধ্যে যার দৈর্ঘ্য ৭৬৪৪ কিলোমিটার এবং তৃতীয় বৃহত্তম বর্ডার রয়েছে আর্জেন্টিনা ও চিলির মধ্যে যার দৈর্ঘ্য ৬৬৯১ কিলোমিটার। উল্লেখ্য বিশ্বে সবচেয়ে বেশি সংখ্যক দেশের বর্ডার রয়েছে রাশিয়া ও চীনের সাথে। উভয় দেশের সাথে ১৪টি দেশের বর্ডার আছে।

77. Which country is called 'Great Britain of the East'?

- A. Korea
B. Thailand
C. Japan
D. Bangladesh

ব্যাখ্যা (উত্তর: C): জাপান এশিয়া মহাদেশের দূরপ্রাচ্যের একটি দেশ। রাজধানী টোকিও। আইনসভার নাম ডায়েট। সরকার পদ্ধতি সাংবিধানিক প্রজাতন্ত্র। প্রাচীন নাম কিয়োটো। কয়েকটি উল্লেখযোগ্য দ্বীপ হলো - হোক্কাইডো, হনসু (বৃহত্তম), শিকোকু এবং কিউসু। সর্বোচ্চ শৃঙ্গ হলো ফুজিয়ামা। জাপানকে সূর্যোদয়ের দেশ বলা হয় এবং যুক্তরাজ্যের সাথে জাপানের ভূ-প্রকৃতিগত, জলবায়ুগত সাদৃশ্য, দীপপুঞ্জের আধিক্যসহ নানা দিক দিয়ে মিল থাকায় জাপানকে প্রাচ্যের গ্রেট ব্রিটেন বলা হয়।

78. 'Hopology' is the study of what?

- A. Weapons
B. Fire
C. Animal
D. Weather

ব্যাখ্যা (উত্তর: A):

Study of weapons	Hopology
Study of horses	Hippology
Study of water	Hydrology
Study of cancer	Oncology
Study of dogs	Cynology
Study of trees	Dendrology
Study of flags	Vexillology
Study of nerves	Neurology

79. Which one is the 'Tallest Mountain in our Solar System'?

- A. Mount Everest B. Olympus Mons
C. Caloris Montes D. Kangchenjunga

ব্যাখ্যা (উত্তর: B):

সৌর জগতের সবচেয়ে উঁচু পর্বত মঙ্গলগ্রহে অবস্থিত। একে Olympus Mons বলা হয়। এর উচ্চতা ২৪ কিলোমিটার এবং প্রস্থ ৫৫০ কিলোমিটার।

বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ হলো মাউন্ট এভারেস্ট। এটি হিমালয় পর্বতমালায় অবস্থিত। সমুদ্রপৃষ্ঠ থেকে এর উচ্চতা ৮৮৪৮.৮৬ মিটার। চীন ও নেপালের আন্তর্জাতিক সীমান্ত মাউন্ট এভারেস্টের শীর্ষবিন্দু দিয়ে গেছে।

কাল্পনিক বিশ্বের তৃতীয় সর্বোচ্চ পর্বতশৃঙ্গ। এটি নেপাল ও ভারতে অবস্থিত।

Caloris Montes হলো বুধ গ্রহে অবস্থিত একটি পর্বত।

80. What is Ervebo?

- A. Measles Vaccine B. Polio Vaccine
C. Small Pox Vaccine D. Ebola Vaccine

ব্যাখ্যা (উত্তর: D):

মধ্য আফ্রিকার দেশ কঙ্গো উপত্যকায় প্রবাহিত ইবোলা নদীর নামানুসারে ইবোলা ভাইরাসের নামকরণ করা হয়। ১৯৭৬ সালে কঙ্গোতে সর্বপ্রথম এই ভাইরাস সনাক্ত হয়। এই ভাইরাস প্রতিরোধ করার জন্য তৈরিকৃত ভ্যাকসিন হলো Ervebo।

১৭৯৬ সালে বিজ্ঞানী এডওয়ার্ড অ্যাঙ্কনি জেনার গুটি রসন্তের (Small Pox) টিকা আবিষ্কার করেন।

১৯৫৪ সালে মার্কিন বিজ্ঞানী জোনাস সাক পোলিও রোগের টিকা (Inactivated Vaccine) আবিষ্কার করেন। ১৯৬১ সালে আলবার্ট সাবিল মুখে খাওয়ার উপযোগী ওরাল পোলিও ভ্যাকসিন (Oral Polio Vaccine : OPV) আবিষ্কার করেন।

হাম (Measles) প্রতিরোধের ভ্যাকসিনের নাম হলো MMR (Measles, Mumps and Rbella) ভ্যাকসিন।

81. Industrial shares considered as safe investment–

- A. Preferred Stock B. Blue Chip
C. ESG Stocks D. Value Stocks

ব্যাখ্যা (উত্তর: B):

যে শেয়ার মালিকগণ অগ্রাধিকার ভিত্তিতে নির্দিষ্ট হারে লভ্যাংশ ভোগ করে এবং মূলধন ফেরত পায় তাকে অগ্রাধিকার শেয়ার (Preferred share/Stock) বলে। এ শেয়ারকে ঋণ ও ইকুইটি মিশ্রণ বলা হয়।

তুলনামূলক কম ঝুঁকিপূর্ণ নিরাপদ শেয়ারকে Blue Chip বলে।

ESG এর পূর্ণরূপ হলো Environmental, social and governance (ESG). ESG investing refers to a set of standards for a company's behavior used by socially conscious investors to screen potential investments.

ভ্যালু স্টক হলো এমন এক ধরনের স্টক যেখানে সর্বনিম্ন দামে স্টক বিক্রয় করা হয় এবং সর্বোচ্চ পরিমাণ লভ্যাংশ প্রদান করা হয়।

82. Value Added Tax (VAT) was introduced in Bangladesh in–

- A. 1991 B. 2001
C. 1881 D. 2011

ব্যাখ্যা (উত্তর: A): আমদানি, উৎপাদন ও বন্টনের প্রতিটি স্তরে যে মূল্য সংযোজিত হয় তার উপর একটি নির্দিষ্ট হারে যে কর আরোপ করা হয় তাকে মূল্য সংযোজন কর (Value Added Tax : VAT) বলে। বাংলাদেশে ১৯৯১ সালের ১ জুলাই (১৯৯১-১৯৯২ অর্থবছর) থেকে ভ্যাট চালু হয়। ভ্যাটের আদর্শ হার ১৫%। ভ্যাট হলো পরোক্ষ কর।

83. Which of the following is different?

- A. Nigeria B. Niger
C. Namibia D. Nicaragua

ব্যাখ্যা (উত্তর: D):

দেশ	রাজধানী	মহাদেশ
নাইজেরিয়া	আবুজা	আফ্রিকা
নাইজার	নিয়ামে	
নামিবিয়া	উইন্ডহুক	
নিকারাগুয়া	ম্যানাগুয়া	উত্তর আমেরিকা

সুতরাং নিকারাগুয়া দেশটি অপশনের অন্যান্য দেশ থেকে পৃথক। কারণ এটি উত্তর আমেরিকা মহাদেশে অবস্থিত এবং অন্যগুলো আফ্রিকা মহাদেশে অবস্থিত।

84. The secretariat of BIMSTEC is located in –

- A. Dhaka B. New Delhi
C. Bangkok D. Kathmandu

ব্যাখ্যা (উত্তর: A):

BIMSTEC	
পূর্ণরূপ	Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation
প্রতিষ্ঠা	১৯৯৭ সালে
সদস্য দেশসমূহ	বাংলাদেশ, ভুটান, ভারত, মিয়ানমার, নেপাল, শ্রীলঙ্কা, থাইল্যান্ড
সদর দপ্তর	ঢাকা, বাংলাদেশ

সাম্প্রতিক প্রশ্নসমূহ (আপডেট তথ্যসহ)

Attention Please!!!

সাধারণ জ্ঞান থেকে সাধারণত ২ ধরনের প্রশ্ন করা হয়। যেমন: চিরন্তন সাধারণ জ্ঞান এবং সাম্প্রতিক সাধারণ জ্ঞান। সাম্প্রতিক সাধারণ জ্ঞানের প্রশ্নসমূহের উত্তর পরিবর্তনশীল। এক্ষেত্রে দেখা যায় প্রতিবছর প্রায় একই ধরনের প্রশ্ন থাকে কিন্তু উত্তর পরিবর্তিত হয়ে যায়। উদাহরণস্বরূপ বলা যায়, 'বাংলাদেশের মানুষের বর্তমান মাথাপিছু আয় কত' এমন প্রশ্ন যার উত্তর প্রতি বছরই পরিবর্তিত হয়। তাই এরকম সাম্প্রতিক প্রশ্নের ক্ষেত্রে সবসময় আপডেট তথ্য জানা থাকতে হয়। তাই এক্ষেত্রে পরীক্ষার্থীদের কাছে বিষয়টি সহজ করার জন্য ও সময় বাচানোর জন্য সাম্প্রতিক প্রশ্নসমূহ আলাদা করে দেখানো হয়েছে এবং প্রতিটি প্রশ্নের সাথে আপডেট তথ্য তুলে ধরা হয়েছে।

85. The ICC World cup 2023 is going to be hosted by –

- A. Australia B. England
C. India D. South Africa

ব্যাখ্যা (উত্তর: C):

আইসিসি ক্রিকেট বিশ্বকাপ - ২০২৩ (১৩তম আসর)	
সময়কাল	৫ অক্টোবর- ১৯ নভেম্বর, ২০২৩
আয়োজক	ভারত
অংশগ্রহণকারী	১০টি দেশ

86. Which sector has the largest share of the GDP of Bangladesh?

- A. Industry B. Service
C. Agriculture D. None of the above

ব্যাখ্যা (উত্তর: B): অর্থসমীক্ষা ২০২৩ অনুসারে জিডিপি সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ তথ্য নিম্নরূপ-

খাতসমূহ	অবদানের হার (২০২২-২৩)	প্রবৃদ্ধির হার ২০২২-২৩
কৃষি	১১.৩৮	২.৬১
শিল্প	৩৫.৫৫	৮.১৮
সেবা	৫৩.০৭	৫.৮৪
সার্বিক GDP	১০০	৬.০৩

87. The duration of the 'Eighth Five Year Plan' is–

- A. July 2020– June 2028
B. July 2020– June 2025
C. July 2019–June 2022
D. July 2021– June 2028

ব্যাখ্যা (উত্তর: B): বাংলাদেশে বর্তমানে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা চলমান। এ পরিকল্পনার কিছু গুরুত্বপূর্ণ তথ্য নিম্নরূপ:

শ্লোগান	দক্ষতার উন্নয়নে বিনিয়োগ
প্রতিপাদ্য	সকলের সাথে সমৃদ্ধির পথে
সময়কাল	২০২০-২১ অর্থ বছর থেকে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত
মাথাপিছু আয়	৩১০৬ মার্কিন ডলার
জিডিপির প্রবৃদ্ধির হার হবে	৮.৫১%
মূল্যস্ফীতি হবে	৪.৮%
দারিদ্রের হার	১৫.৬%
চরম দারিদ্র হার	৭.৪%
প্রত্যাশিত গড় আয়ুষ্কাল	৭৪ বছর
কর্মসংস্থান হবে	১ কোটি ১৩ লাখ
বিদ্যুৎ উৎপাদন	৩০ হাজার মেগাওয়াট

88. Bangladesh will graduate form LDC to developing country in –

- A. 2026 B. 2023
C. 2041 D. 2071

ব্যাখ্যা (উত্তর: A): এলডিসি থেকে কোন দেশ বের হবে, সে বিষয়ে সুপারিশ করে সিডিপি (CDP: Committee for Development Policy)। এজন্য প্রতি তিন বছর পর পর এলডিসিগুলোর ত্রিবার্ষিক মূল্যায়ন করা হয়। সিপিডির সুপারিশ প্রথমে জাতিসংঘের ইসকোকে (ECOSOC : The Economic and Social Council) যায়। তিন বছর পর তা জাতিসংঘের সাধারণ অধিবেশনে অনুমোদনের জন্য ওঠে। বাংলাদেশ ২০১৮ সালে সর্বপ্রথম সিডিপির সকল শর্ত পূরণ করে। বাংলাদেশ ২০২৬ সালে চূড়ান্তভাবে এলডিসি থেকে বের হবে।

89. As per the declaration of the government, Bangladesh will turn into 'Smart Bangladesh' by-

- A. 2030 B. 2026
C. 2041 D. 2071

ব্যাখ্যা (উত্তর: C): প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ ডিসেম্বর, ২০২২ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডিজিটাল বাংলাদেশ দিবস- ২০২২ উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে সর্বপ্রথম 'স্মার্ট বাংলাদেশ' গড়ার প্রত্যয় বাক্য করেন। প্রধানমন্ত্রী বলেন ২০৪১ সালে বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে গড়ে তুলব এবং বাংলাদেশ হবে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ। স্মার্ট বাংলাদেশ বলতে বোঝায় মূলত, প্রযুক্তিনির্ভর জীবন ব্যবস্থা, যেখানে সব ধরনের নাগরিক সেবা থেকে শুরু করে সবকিছু হবে স্মার্টলি। স্মার্ট বাংলাদেশের মূল লক্ষ্য হলো, আগামী দিনে কৃত্রিম বুদ্ধিমত্তা, মেশিন লার্নিং, ইন্টারনেট অব থিংস, রোবটিকস, ব্লকচেইন, ন্যানোটেকনোলজি, প্রি-ডি প্রিন্টিং প্রভৃতি প্রযুক্তির ব্যবহার করে জীবনযাপন সহজ করা। স্মার্ট বাংলাদেশ গড়ার ভিত্তি চারটি। যথা- ক. স্মার্ট নাগরিক, খ. স্মার্ট অর্থনীতি, গ. স্মার্ট সরকার এবং ঘ. স্মার্ট সমাজ।

90. Tax-free income of individuals in Bangladesh for the tax years 2023-24 is -

- A. Taka 300,000 B. Taka 350,000
C. Taka 400,000 D. Taka 475,000

ব্যাখ্যা (উত্তর: B):

জাতীয় বাজেট : ২০২৩-২৪ : করমুক্ত আয় সীমা		
সাধারণ করদাতা:	মহিলা ও ৬৫ বছর উর্ধ্ব করদাতা:	৩,৫০,০০০ টাকা
প্রতিবন্ধী ব্যক্তি ও তৃতীয় লিঙ্গ করদাতা:	গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা:	৫,০০,০০০ টাকা

Computer

91. A computer cannot do anything without a -

- A. Memory B. Programme
C. Chip D. Output device

ব্যাখ্যা (উত্তর: B): সমস্যা সমাধান বা কার্য সম্পাদনের উদ্দেশ্যে কম্পিউটারের ভাষায় ধারাবাহিকভাবে লিখিত সুশৃঙ্খল কতগুলো নির্দেশের সমষ্টিকে প্রোগ্রাম বলে। প্রোগ্রাম বা প্রোগ্রাম সমষ্টি যা কম্পিউটারের হার্ডওয়্যার এবং ব্যবহারকারীর মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কার্যক্ষম রাখে। প্রোগ্রাম ছাড়া কম্পিউটার কিছুই করতে পারে না।

92. Which of the following is not computer hardware?

- A. Monitor B. MS paint
C. Keyboard D. RAM

ব্যাখ্যা (উত্তর: B): কম্পিউটার তৈরিতে ব্যবহৃত বিভিন্ন ধরনের ডিভাইস বা যন্ত্র এবং যন্ত্রাংশসমূহকে বলা হয় কম্পিউটার হার্ডওয়্যার। হার্ডওয়্যার দেখা ও ধরা যায়। হার্ডওয়্যার ছাড়া সফটওয়্যার অচল। হার্ডওয়্যারকে চার ভাগে ভাগ করা যায়। যথা : ১. ইনপুট হার্ডওয়্যার, ২. আউটপুট হার্ডওয়্যার, ৩. প্রসেসিং হার্ডওয়্যার, ৪. স্টোরেজ হার্ডওয়্যার। কয়েকটি হার্ডওয়্যারের উদাহরণ হলো- মনিটর, কীবোর্ড, মাউস, র‍্যাম। MS paint হলো মাইক্রোসফটের তৈরি ফটোশপ সফটওয়্যার।

93. The command to reboot a computer is -

- A. Ctrl + Alt + Tab B. Ctrl + Shift + Del
C. Ctrl + Alt + Del D. Ctrl + Alt + Shift

ব্যাখ্যা (উত্তর: C):

কীবোর্ড কমান্ড	কাজ
Ctrl+E	Central Alignment
Ctrl+L	Left Alignment
Ctrl+R	Right Alignment
Ctrl+J	Justify Alignment
Ctrl+N	Open a new window
Ctrl+H	Replace
Ctrl+F	Find
Ctrl + Alt + Del	Reboot

94. Keys labelled F1 to F12 are _____ keys.

- A. Input B. Output
C. Help D. Function

ব্যাখ্যা (উত্তর: D):

F1 থেকে F12 কে ফাংশন কী (মোট ১২টি) বলে।
(a-z) এবং (0-9) কে আলফানিউমেরিক কী বলে।
ব্যাখ্যা (উত্তর: B): Global Zero Campaign হলো পারমাণবিক অস্ত্র নির্মূল করার লক্ষ্যে নিবেদিত ৩০০ জন বিশ্বনেতাদের একটি আন্তর্জাতিক নির্দলীয় দল। ২০০৮ সালের ডিসেম্বরে চালু হওয়া এই উদ্যোগটি পারমাণবিক ক্লাবের অফিসিয়াল ও অনানুষ্ঠানিক সদস্যদের দ্বারা ধারণ করা সমস্ত ডিভাইস ধ্বংস করার জন্য পর্যায়ক্রমে প্রত্যাহার ও যাচাইকরণের প্রচার করে। এ কৌশলের লক্ষ্য হলো ২০৩০ সালের মধ্যে পারমাণবিক অস্ত্রাগারের মোট ওয়্যারহেড শূন্যের কোঠায় নামিয়ে আনা।

87. Which one is the top country in terms of per capita greenhouse gas emission?

- A. Japan B. China
C. USA D. Brazil

ব্যাখ্যা (উত্তর: C): বিশ্বে কার্বন ও গ্লিনহাউস গ্যাস নিঃসরণে শীর্ষ দেশ চীন। তবে মাথাপিছু গ্লিনহাউস গ্যাস নিঃসরণে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র। কয়েকটি গ্লিনহাউস গ্যাস হলো- কার্বন ডাই-অক্সাইড, মিথেন, ফ্লোরোফ্লোরো কার্বন ও নাইট্রাস অক্সাইড ইত্যাদি।

88. Who wins Ballon d'Or 2022?

- A. Karim Benzema B. Cristiano Ronaldo
C. Lionel Messi D. Neymar

ব্যাখ্যা (উত্তর: A): ব্যালন ডি'অর একটি ফুটবল পুরস্কার যা প্রতি বছর ফরাসি ক্রীড়া সাময়িকী France Football প্রদান করে থাকে। এটিকে ফুটবল খেলোয়াড়দের জন্য সবচেয়ে মর্যাদাবাহী পুরস্কার হিসেবে গণ্য করা হয়। পুরস্কারটি ১৯৫৬ সাল থেকে প্রদান করা শুরু হয়। সবচেয়ে বেশি বার (৭ বার) এ পুরস্কার অর্জন করেন - লিওনেল মেসি। ২০২২ সালে প্রথম বারের মতো এ পুরস্কার অর্জন করেন করিম বেনজেমা (ফ্রান্স)।

89. Who is not Captain of the Football World Cup 2022 Team?

- A. Hugo Lloris B. Kylian Mbappe
C. Lionel Messi D. Neymar

ব্যাখ্যা (উত্তর: B/D): কাতার বিশ্বকাপ - ২০২২ এ হুগো লরিস ফ্রান্সের এবং লিওনেল মেসি আর্জেন্টিনা ফুটবল দলের অধিনায়ক। ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে এবং ব্রাজিলের নেইমার অধিনায়ক নায়ক নয়। ব্রাজিল ফুটবল দলের অধিনায়ক থিয়াগো সিলভা।

90. COP-27 was held in –

- A. Sharm El-Sheikh, Egypt B. Cairo, Egypt
C. Paris, France D. Washington, USA

ব্যাখ্যা (উত্তর: A): বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি নিয়ন্ত্রণে কার্বন নির্গমন কমানো এবং পরিবেশ রক্ষায় United Nations Framework Convention on Climate Change (UNFCCC) এর উদ্যোগে ১৯৯৫ সাল থেকে প্রতিবছর জাতিসংঘ জলবায়ু সম্মেলন অনুষ্ঠিত হয়। এটি Conference of the Parties (COP) নামে পরিচিত। এটি হলো জলবায়ু সম্পর্কিত একটি সম্মেলন।

১৯৯৫ সালে জার্মানির বার্লিনে প্রথম COP - 1 সম্মেলন অনুষ্ঠিত হয়। কয়েকটি কপ সম্মেলনের তালিকা নিম্নরূপ-

	স্থান	সময়
COP 26	গ্লাসকো, স্কটল্যান্ড	২০২১
COP 27	শারম আল শেখ, মিশর	২০২২
COP 28	সংযুক্ত আরব আমিরাত	২০২৩

Computer

91. RAM belongs to which kind of memory?

- A. Auxiliary Memory B. Main Memory
C. Cache Memory D. None of these

ব্যাখ্যা (উত্তর: B):

প্রধান মেমোরি : RAM, ROM	সহায়ক মেমোরি : Hard disk, pendrive, CD-RW, DVD-RW
-----------------------------	--

92. The amount of time a message takes to traverse a system is called –

- A. Bandwidth B. Compiler
C. Latency D. All of these

ব্যাখ্যা (উত্তর: C): সিমিউলেশন এবং রেসপনস টাইমের মধ্যকার সময়ের ব্যবধানকে ল্যাটেনসি বলে। হার্ডডিস্কের রিড/রাইট হেড সবসময় প্রেটারের বিভিন্ন জায়গায় তথ্য সংগ্রহ করতে থাকে। তাই কোন সেক্টর অ্যাক্সেস করার সাথে সাথে হেডকে সেখানে পৌঁছাতে সময় লাগতে পারে। এই সময়কে বলা হয় ল্যাটেনসি। প্রেটার যত দ্রুত ঘুরে, ল্যাটেনসি তত কম হয়।

93. Which one is the first program of Microsoft?

- A. Windows 98 B. Windows 7
C. Windows XP D. MS DOS

ব্যাখ্যা (উত্তর: D): MS DOS হলো মাইক্রোসফটের প্রথম কম্পিউটার অপারেটিং সিস্টেম। DOS - এর পূর্ণরূপ Disk Operatig System. আশির দশকের প্রথম দিকে এর প্রচলন ছিল। ১৯৮৫ সালে এ DOS - এর উপর ভিত্তি করে তৈরি হয় Windows. এরপর ১৯৯৫ সালে ৩২ বিটের স্বয়ংসম্পূর্ণ অপারেটিং সিস্টেম Windows ৯৫ তৈরি হয়।

94. Computer monitor is also known as –

- A. DVU B. UVD
C. VDU D. CCTV

ব্যাখ্যা (উত্তর: C): A monitor is also called a Visual Display Unit (VDU). A VDU consists of a display device and a keyboard, and could also include a mouse. The design of an effective visual display is based on general principles involving both the nature of human vision and the nature of the task.

95. Which one of the following stores more data than a DVD?

- A. CD ROM B. Floppy disk
C. Red-Ray Disk D. Blue-Ray Disk

ব্যাখ্যা (উত্তর: D): উল্লেখিত অপশনগুলোর মধ্যে ব্লু রে ডিস্কের ধারণক্ষমতা সবচেয়ে বেশি। ব্লু রে ডিস্ক ডিভিডি থেকে প্রায় ১০ গুণ বেশি ডেটা (৫০ জিবি) স্টোর করতে পারে।

96. A modem is connected in between a telephone line and a –

- A. Communication adapter B. Serial port
C. computer D. network

ব্যাখ্যা (উত্তর: B): মডেম হলো এমন একটি ডিভাইস যেটি পিসি এবং টেলিফোন লাইনের মধ্যে লাগানো হয়। কম্পিউটারের ডাটা ডিজিটাল ফর্মে অবস্থান করে এবং টেলিফোন লাইনের ডাটা এনালগ ফর্মে অবস্থান করে। মডেম কম্পিউটারের ডিজিটাল সিগনাল কে এনালগ সিগনালে কনভার্ট করে, টেলিফোন লাইনের মধ্য দিয়ে চলতে সাহায্য করে। এটি টেলিফোন লাইনকে সিরিয়াল পোর্টের সাথে সংযুক্ত করে।

97. A channel of communicating across a boundary between two or more subsystem is known as –

- A. Data path B. Walk through
C. Act gram D. Interface

ব্যাখ্যা (উত্তর: Actigram):

দুই বা ততোধিক সাব-সিস্টেমের মধ্যে একটি সীমানা জুড়ে যোগাযোগের জন্য ব্যবহৃত চ্যানেলটি Actigram নামে পরিচিত।

Interface এর কাজ হলো ব্যবহারকারীর সাথে বিভিন্ন সফটওয়্যারের সংযোগ ও সমন্বয় সাধন করা।

98. The process of copying files CD-ROM is known as –

- A. Zipping B. Burning
C. Digitizing D. Ripping

ব্যাখ্যা (উত্তর: B): CD-ROM এ ফাইল কপি করার প্রক্রিয়াকে Burning বলে। এটি রূপান্তরিত ফাইলগুলোকে রেকডযোগ্য ডিভিডি বা সিডিতে পুনরুদ্ধার করার একটি প্রক্রিয়া। এক্ষেত্রে Burning করতে সাধারণত লেজার রশ্মি ব্যবহৃত হয়।

99. RTGS is a –

- A. An anti-virus software
B. Governance system
C. Right-based group D. Payment system

ব্যাখ্যা (উত্তর: D): RTGS এর পূর্ণরূপ হলো- Real Time Gross Settlement. রিয়েল টাইম গ্রোস সেটেলমেন্ট হলো বিশেষায়িত অর্থ স্থানান্তর ব্যবস্থা যার মাধ্যমে এক ব্যাংক হতে অন্য ব্যাংকে তাৎক্ষণিক বা প্রকৃত সময়ে অর্থ স্থানান্তর করা যায়। রিয়েল টাইম বলতে বুঝায় এখানে লেনদেন সম্পূর্ণ হতে কোন নির্দিষ্ট সময় অপেক্ষা করতে হয় না বরং লেনদেন প্রক্রিয়া করার সাথে সাথেই লেনদেন সম্পূর্ণ হয়। আর 'গ্রোস সেটেলমেন্ট' অর্থ লেনদেনটি অন্য কোনও লেনদেনের সাথে সম্পৃক্ত নয় বরং একবার লেনদেন প্রক্রিয়া সম্পূর্ণ হলে সেটাই চূড়ান্ত এবং প্রত্যাহারযোগ্য নয়।

100. Which technology is used by crypto currencies?

- A. Database B. Spreadsheet
C. Block chain D. Text file

ব্যাখ্যা (উত্তর: C): ব্লকচেইন টেকনোলজি হল একধরনের ডিজিটাল লেজার টেকনোলজি যা তথ্য রেকর্ড করে। বিশেষ করে লেনদেনের তথ্য। এমনভাবে করে যাতে সেগুলো পরিবর্তন করা, হ্যাক করা, দুর্নীতি করা বা সিস্টেমে প্রতারণা করা প্রায় অসাধ্য। এই লেনদেনগুলি ব্লকচেইনে কম্পিউটার সিস্টেমের সম্পূর্ণ নেটওয়ার্কের সঙ্গে বিতরণ এবং রেকর্ড করা হয়। বিটকয়েন একটি ক্রিপটোকারেন্সি, যা সাতোশি নাকামোতো নামের একজন অজ্ঞাত ব্যক্তি ২০০৮ সালে তৈরি করেন। ক্রিপটোকারেন্সিতে লেনদেন করতে ব্লকচেইন প্রযুক্তি ব্যবহৃত হয়।

Bangladesh Bank
Assistant Director : 2015
Exam Held on : 31.07.2015

বাংলা

01. ভাষার মূল উপাদান হচ্ছে-

- A. বর্ণ B. শব্দ
C. ধ্বনি D. বাক্য

ব্যাখ্যা (উত্তর: C): ভাষার মূল উপকরণ বাক্য এবং বাক্য হলো ভাষার বৃহত্তম একক। বাক্যের ক্ষুদ্রতম একক হলো শব্দ। শব্দকে বাক্যের বাহন বলা হয়। ভাষার মূল উপাদান ধ্বনি।

02. 'আভরণ' শব্দের অর্থ কি?

- A. অলংকার B. আচ্ছাদন
C. রমণীয় D. অনবরত

ব্যাখ্যা (উত্তর: A): 'আভরণ' বিশেষ্যবাচক শব্দটির অর্থ: অলংকার। আরো কিছু গুরুত্বপূর্ণ শব্দার্থ নিম্নরূপ-

আফালন : দন্ড	উর্বা : পৃথিবী	আনকোরা : নতুন
সামন্তিনী : নারী	বালাখানা : প্রাসাদ	গরুড় : পাখি
বিপণি : দোকান	ক্ষণপ্রভা : বিদ্যুৎ	দারক : পুত্র

03. "মস্তের সাধন কিংবা শরীর পাতন"-এখানে 'কিংবা' অব্যয়টি কোন অব্যয়?

- A. অনুকার অব্যয় B. বিয়োজক অব্যয়
C. সমুচ্চরী অব্যয় D. সংযোজক অব্যয়

ব্যাখ্যা (উত্তর: B):

যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বন্যাভ্যক অব্যয় বলে। যেমন- বজ্রের ধ্বনি- কড়কড়, বাতাসের গতি- শন শন।

যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চরী অব্যয় বলে।

'মস্তের সাধন কিংবা শরীর পাতন'- এখানে 'কিংবা' অব্যয়টি বিয়োজক অব্যয়। কারণ 'কিংবা' অব্যয়টি দুটি বাক্যাংশের বিয়োজক।

উচ্চপদ ও সামাজিক মর্যাদা সকলেই চায়। এখানে 'ও' অব্যয়টি বাক্যস্থিত দুটি পদের সংযোজন করেছে বলে এটি সংযোজক অব্যয়।

04. 'চাকের কাঠি' বাগধারার অর্থ-

- A. সাহায্যকারী B. স্বাস্থ্যহীন লোক
C. বাদক D. তোষামুদে

ব্যাখ্যা (উত্তর: D): 'চাকের কাঠি' বাগধারার অর্থ: তোষামুদে। কতিপয় গুরুত্বপূর্ণ বাগধারা নিম্নরূপ-

আঁতে ঘা লাগা:মনে কষ্ট পাওয়া	উনপাঁজুরে : দুর্বল
টাইটুমুর :ভরপুর	চৌঁটকাটা : স্পষ্টভাষী
একচোখা : পক্ষপাতিত্ব	চোখের বালি : অপ্রিয়
ঝাঁকের কই : একই দলভুক্ত	টনক নড়া : সজাগ হওয়া

05. 'বাবুর্চি' কোন ভাষার শব্দ?

- A. তুর্কি B. আরবি
C. ফারসি D. উর্দু

ব্যাখ্যা (উত্তর: A): তুর্কি ভাষার 'বাবুর্চি' শব্দটির অর্থ: পাচক। বিভিন্ন ভাষার কিছু গুরুত্বপূর্ণ শব্দ নিম্নরূপ-

তুর্কি শব্দ	উজবুক, কুর্নিশ, চকমক, বাবা, বেগম
ফারসি শব্দ	দরবার, আমদানি, জানোয়ার, জিন্দা, নমুনা, বদমাশ, রফতানি, হাসামা, জাদু
আরবি শব্দ	তুফান, নগদ, হজ, মুসাফির, জান্নাত, শহীদ

06. কোন বানানটি শুদ্ধ?

- A. মূর্ধন্য B. মূর্ধণ
C. মুর্ধন্য D. মুর্ধণ্য

ব্যাখ্যা (উত্তর: A): প্রশ্নে প্রদত্ত অপশনগুলোর মধ্যে শুদ্ধ বানানটি হলো 'মূর্ধন্য'। কিছু গুরুত্বপূর্ণ সঠিক বানানযুক্ত শব্দ নিম্নরূপ-

অশুদ্ধ শব্দ	শুদ্ধ শব্দ	অশুদ্ধ শব্দ	শুদ্ধ শব্দ
ষ্টেশন	স্টেশন	বিশেষত:	বিশেষত
ধর্মসভা	ধর্মসভা	বর্ণালী	বর্ণালি
গভর্নর	গভর্নর	রূপালী	রূপালি
কর্নেল	কর্নেল	ত্রিভূজ	ত্রিভুজ

07. বাংলা ভাষা কোন শব্দ দুটি গ্রহণ করেছে চীনা ভাষা হতে?

- A. চাকু, চাকর B. খন্দর, হরতাল
C. চা, চিনি D. রিক্সা, রেস্তোরাঁ

ব্যাখ্যা (উত্তর: C): 'চা, চিনি' শব্দ দুটি বাংলা ভাষা চীনা ভাষা হতে গ্রহণ করেছে। 'চাকু' (তুর্কি), 'চাকর' (ফারসি); 'খন্দর ও হরতাল' গুজরাটি ভাষার শব্দ। 'রিক্সা' জাপানি, 'রেস্তোরাঁ' ফরাসি ভাষা হতে বাংলা ভাষা গ্রহণ করেছে।

08. ভাষায় সর্বনামের ব্যবহারের উদ্দেশ্য কী?

- A. বিশেষণের পরিবর্তে ব্যবহার করা
B. বিশেষ্যের পুনরাবৃত্তি দূর করা
C. বিশেষ্যের অভাব দূর করা
D. ভাষায় শব্দ সম্পদ বৃদ্ধি করা

ব্যাখ্যা (উত্তর: B): বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয় তাকে সর্বনাম পদ বলে। ভাষায় সর্বনাম ব্যবহারের উদ্দেশ্য হলো বিশেষ্যের পুনরাবৃত্তি দূর করা। যেমন- 'হস্তী প্রাণিজগতের সর্ববৃহৎ প্রাণী। তার শরীরটি যেন বিরাট এক মাংসের স্তম্ভ।' দ্বিতীয় বাক্যে 'তার' শব্দটি প্রথম বাক্যের 'হস্তী' বিশেষ্য পদটির প্রতিনিধি স্থানীয় শব্দরূপে ব্যবহৃত হয়েছে। তাই, 'তার' শব্দটি সর্বনাম পদ।

09. সন্ধির প্রধান সুবিধা কি?

- A. উচ্চারণের সুবিধা B. লেখার সুবিধা
C. শোনার সুবিধা D. পড়ার সুবিধা

ব্যাখ্যা (উত্তর: A): সন্ধি শব্দের অর্থ মিলন। পরস্পর পাশাপাশি দুটি বর্ণ বা ধ্বনির মিলনকে সন্ধি বলে। সন্ধির প্রধান সুবিধা হলো উচ্চারণের। এছাড়া ধ্বনিগত মাদুর্য সম্পাদন, ধ্বনি পরিবর্তনের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে এবং নতুন শব্দ গঠন করে। বাংলা ক্রিয়া পদের সন্ধি হয় না। বাংলা শব্দের সঙ্গে সংস্কৃত শব্দের সন্ধি হয় না।

10. "কর্মভোগ এড়ানো যায় না" এখানে 'কর্ম' কোন অর্থ প্রকাশ করছে?

- A. পেশা B. অনুষ্ঠান
C. কৃতকর্ম D. কর্তব্য

ব্যাখ্যা (উত্তর: C): 'কর্মভোগ এড়ানো যায় না'- এখানে 'কর্ম' শব্দটি দ্বারা কৃতকর্ম অর্থ প্রকাশ করছে।

11. ভূমি না বলেছিলে আগামীকাল আসবে? এখানে 'না' এর ব্যবহার কি অর্থে?

- A. না বাচক B. হাঁ-বাচক
C. প্রশ্নবোধক D. বিস্ময়সূচক

ব্যাখ্যা (উত্তর: B): 'না' অব্যয়ের বিভিন্ন অর্থে প্রয়োগ নিম্নে দেখানো হলো-

না অব্যয়	নিষেধ অর্থে	এখন যেও না।
	হ্যা সূচক	তুমি না বলেছিলে আগামীকাল আসবে?
	নিশ্চয়তা	তুমি না সেদিন বাড়ি গিয়েছিলে?
	সম্ভাবনায়	সে নাকি আসবে না।
	বিস্ময়ে	কি করেই না দিন কাটাচ্ছে!
	বিরক্তি প্রকাশে	তুই কি কাজ করবি, নাকি মার খাবি?
তুলনায়	ছেলে তো না, যেন এক হিটলার।	

12. 'পাবক' নিচের কোন শব্দের প্রতিশব্দ?

- A. কিরণ B. দিবস
C. অগ্নি D. বাতাস

ব্যাখ্যা (উত্তর: C): 'পাবক' শব্দের প্রতিশব্দ 'অগ্নি'। পাবক শব্দের আরো কিছু সমার্থক শব্দ হলো- অনল, বহি, হুতাশন, কৃশানু, বৈশ্বানর, বিভাবসু, সর্বভুক, বীতিহোত্র, দহন। কিরণ, দিবস, বাতাস শব্দের প্রতিশব্দ যথাক্রমে: আলো, দিন ও বায়ু।

13. 'মৃনায়ী' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ছোট গল্পের নায়িকা?

- A. সমাপ্তি B. দেনা-পাওনা
C. পোস্টমাস্টার D. মধ্যবর্তিনী

ব্যাখ্যা (উত্তর: A): 'মৃনায়ী' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'সমাপ্তি' গল্পের নায়িকা। এছাড়া 'দেনা-পাওনা', 'পোস্টমাস্টার' 'মধ্যবর্তিনী' গল্পের প্রধান চরিত্র হলো যথাক্রমে : নিরুপমা, রতন এবং হরসুন্দরী ও শৈলবালা। রবীন্দ্রনাথ ঠাকুর সৃষ্ট কিছু গুরুত্বপূর্ণ চরিত্র নিম্নরূপ-

সাহিত্যের নাম	সাহিত্যের ধরণ	চরিত্র
চোখের বালি	উপন্যাস	মহেন্দ্র, বিনোদিনী, আশা, বিহারী
গোরা	উপন্যাস	গোরা, সুচরিতা, ললিতা, বিনয়, আনন্দময়ী
শেষের কবিতা	উপন্যাস	অমিত, লাভণ্য, শোভনলাল
ঘরে-বাইরে	উপন্যাস	নিখিলেস, বিমলা
কাবুলিওয়াল	ছোটগল্প	রহমত, খুকী
শান্তি	ছোটগল্প	দুখিরাম, ছিদাম, রাধা, চন্দ্রা
নষ্টনীড়	ছোটগল্প	চারু
অপরিচিতা	ছোটগল্প	কল্যাণী
অচলায়তন	নাটক	পঞ্চক
রক্তকরবী	নাটক	নন্দিনী, রঞ্জন

14. কোনটি অনুজ্ঞা?

- A. তুমি গিয়েছিলে B. তুমি যাও
C. তুমি যাচ্ছিলে D. তুমি যাচ্ছ

ব্যাখ্যা (উত্তর: B): আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, অনুনয় প্রভৃতি অর্থে বর্তমান ও ভবিষ্যৎকালে মধ্যম পুরুষে ক্রিয়াপদের যে রূপ হয় তাকে অনুজ্ঞা পদ বলে। যেমন: কাল একবার এসো। তুমি যাও।

15. কোনটি সঠিক?

- A. একাত্তরের দিনগুলো (উপন্যাস)
B. বিদ্রোহী (কাব্যগ্রন্থ)
C. পথের দাবী (উপন্যাস) D. গোরা (নাট্যগ্রন্থ)

ব্যাখ্যা (উত্তর: C):

সাহিত্যের নাম	ধরণ	লেখক
একাত্তরের দিনগুলি	স্মৃতিকথা	জাহানারা ইমাম
বিদ্রোহী	কবিতা	কাজী নজরুল ইসলাম
পথের দাবী	উপন্যাস	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
গোরা	উপন্যাস	রবীন্দ্রনাথ ঠাকুর

16. 'আত্মঘাতী বাঙালী' কার রচিত গ্রন্থ?

- A. অশোক মিত্র B. দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়
C. অতুল সুর D. নীরদচন্দ্র চৌধুরী

ব্যাখ্যা (উত্তর: D): নীরদচন্দ্র চৌধুরী ১৮৯৭ সালে কিশোরগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর কিছু উল্লেখযোগ্য সাহিত্যকর্ম হলো- আত্মঘাতী বাঙালী, আত্মঘাতী রবীন্দ্রনাথ, আমার দেবোত্তর সম্পত্তি, আজি হতে শতবর্ষ আগে, আমার দেশ আমার শতক, এ প্যাসেজ টু ইংল্যান্ড, দি অটোবায়োগ্রাফি অব অ্যান আননোন ইন্ডিয়ান।

17. 'চতুরঙ্গ' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

- A. হুমায়ূন কবির B. ফজল শাহাবুদ্দিন
C. আবুল হোসেন D. মোজাম্মেল হক

ব্যাখ্যা (উত্তর: A): 'চতুরঙ্গ' পত্রিকার সম্পাদক হুমায়ূন কবির। তিনি মূলত লেখক ও রাজনীতিবিদ ছিলেন। তার রচিত কাব্য- স্বপ্নসাধ, সাথী ও অষ্টাদশ এবং উপন্যাস 'নদী ও নারী'। কিছু গুরুত্বপূর্ণ পত্রিকা ও তাদের সম্পাদকের নাম নিম্নরূপ-

পত্রিকার নাম	সম্পাদক	পত্রিকার নাম	সম্পাদক
জ্ঞানাবেষণ (১৮৩১)	দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়	শিখা (১৯২৭)	আবুল হোসেন
তত্ত্ববোধিনী (১৮৪৩)	অক্ষয়কুমার দত্ত	পূর্বাশা (১৯৩২)	সঞ্জয় ভট্টাচার্য
ঢাক প্রকাশ (১৮৬১)	কৃষ্ণচন্দ্র মজুমদার	ক্রান্তি (১৯৪০)	রণেশ দাশগুপ্ত
মোহাম্মদী (মাসিক: ১৯২৭)	মোহাম্মদ আকরাম খাঁ	বেগম (১৯৪৭)	বেগম সুফিয়া কামাল
মোসলেম ভারত (১৯২০)	মোহাম্মেল হক	সমকাল (১৯৫৭)	সিকান্দার আবু জাফর

18. কোনটি রবীন্দ্রনাথের রচনা?

- A. চতুর্ষপদী B. চতুষ্কোণ
C. চতুর্দর্শী D. চতুরঙ্গ

ব্যাখ্যা (উত্তর: D): 'চতুরঙ্গ' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস। এছাড়া তার রচিত উল্লেখযোগ্য উপন্যাস হলো: চোখের বালি, গোরা, ঘরে-বাইরে, শেষের কবিতা, যোগাযোগ, মালঞ্চ, রাজর্ষি, নৌকাডুবি, দুইবোন এবং চার অধ্যায়। 'চতুষ্কোণ' মানিক বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস।

19. 'আবোল-তাবোল' কার লেখা?

- A. উপেন্দ্রকিশোর রায় চৌধুরী
B. দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার
C. সুকুমার রায় D. সত্যজিৎ রায়

ব্যাখ্যা (উত্তর: C): 'আবোল-তাবোল' সুকুমার রায় রচিত শিশুতোষ সাহিত্য। এছাড়া তাঁর অমর সৃষ্টি হলো: হ-য-ব-র-ল, পাগলা দাও, বহুরূপী ও খাই খাই।

20. ফোর্ট উইলিয়াম কলেজের বাংলা বিভাগের প্রধান অধ্যাপক ছিলেন-

- A. ফোর্ট উইলিয়াম B. উইলিয়াম কেরি
C. রামরাম বসু D. জেসি মার্শম্যান

ব্যাখ্যা (উত্তর: B): ১৮০০ খ্রিস্টাব্দে ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়। ১৮০১ খ্রিস্টাব্দে বাংলা বিভাগ খোলা হলে প্রথম অধ্যক্ষ এবং বাংলা বিভাগের প্রথম প্রধান হিসেবে যোগদান করেন উইলিয়াম কেরি। উইলিয়াম কেরি রচিত কয়েকটি গুরুত্বপূর্ণ গ্রন্থ হলো- A Grammar of the Bengali Language, কথোপকথন, ইতিহাসমালা। তিনি সর্বপ্রথম বাইবেল বঙ্গানুবাদ করেন। তিনি কলকাতায় বোডিং স্কুলের প্রতিষ্ঠাতা।

English

Q. (21-24) : Choose the word opposite in meaning to the given word.

21. Craven

- A. greedy B. generous
C. coward D. brave

ব্যাখ্যা (উত্তর: D):

মূল শব্দ	অর্থ	Synonyms
Craven	কাপুরুষ	Chickenhearted
Greedy	লোভী	Acquisitive, avid
Generous	দয়ালু	Bighearted, bountiful
Brave	সাহসী	Bold, courageous

সুতরাং Craven শব্দের বিপরীত শব্দ হলো Brave.

22. Utterior

- A. tipped B. sparkling
C. stated D. rampaging

ব্যাখ্যা (উত্তর: C):

মূল শব্দ	অর্থ	Synonyms
Utterior	দূরবর্তী	Eventual
Tipped	ইঙ্গিত দেয়া	Peaked, pointed
Sparkling	দীপ্তিমান	Bubbly
Stated	নির্দিষ্ট	Avowed
Rampaging	ছুটাছুটি করা	raving, burning

সুতরাং Utterior শব্দের বিপরীত শব্দ হলো Stated.

23. Euphonious

- A. strident B. significant
C. lethargic D. distasteful

ব্যাখ্যা (উত্তর: A):

মূল শব্দ	অর্থ	Synonyms
Euphonious	শ্রুতিমধুর	Lyric, mellifluent
Strident	উচ্চনাদ	Blatant
Significant	গুরুত্বপূর্ণ	Eloquent
Lethargic	অলস	Dull, inactive
Distasteful	অরুচিকর	unsavory

সুতরাং Euphonious শব্দের বিপরীত শব্দ হলো Strident.

24. Laconic

- A. wicked B. verbose
C. milky D. fragrance

ব্যাখ্যা (উত্তর: B):

মূল শব্দ	অর্থ	Synonyms
Laconic	স্বল্পভাষী	Aphoristic, capsule
Wicked	দুষ্চরিত্র	Immoral, iniquitous
Verbose	শব্দবহুল	Circuitous, diffuse
Milky	দুধের মত	Snowy, bleached
Fragrance	সৌরভ	Aroma, attar

সুতরাং Laconic শব্দের বিপরীত শব্দ হলো Verbose.

Q. (25-28): Fill in the blanks with appropriate word to make the sentence meaningful.

25. The bureaucrate was ____ for his role in the scam.

- A. reinstated B. criticized
C. indicated D. identified

ব্যাখ্যা (উত্তর: C): Reinstated অর্থ পুনঃপ্রতিষ্ঠিত করা, Criticized অর্থ নিন্দা করা, Indicated অর্থ নির্দিষ্ট বা অভিযুক্ত, Identified অর্থ শনাক্ত করা। সুতরাং অর্থ অনুসারে অপশন C ই খাপ খায়। অপশন C যোগে বাক্যটির অর্থ এরকম- আমলাকে জালিয়াতির জন্য অভিযুক্ত (indicted) করা হয়েছিল।

26. He had to repent ____ what he has done.

- A. at B. of
C. over D. for

ব্যাখ্যা (উত্তর: B): 'কোনো কিছুর জন্য অনুতপ্ত হওয়া' অর্থে 'repent of something' ব্যবহৃত হয়। আরো কিছু গুরুত্বপূর্ণ Appropriate preposition নিম্নরূপ-

Preposition	অর্থ	Preposition	অর্থ
Insist on	জেদ	Lit by	আলোকিত
Interfere with	হস্তক্ষেপ করা	Loyal to	অনুরক্ত
Jump into	লাফ দেয়া	Mindful of	মনোযোগী
Junior to	ছোট	Mourn for	শোক করা

27. Not to ____ of milk, even water was not there.

- A. talk B. speak
C. mention D. discuss

ব্যাখ্যা (উত্তর: C): যেটা বলা হচ্ছে সেটাকে জোর দেওয়ার জন্য not to mention ব্যবহৃত হয়। বাক্যটির অর্থ এরকম- যেখানে পানিই ছিল না, সেখানে দুধের কথা না হয় বাদ দিলাম।

28. He is usually calm, but today he appears rather ____.

- A. disturbed B. restless
C. unwell D. ill

ব্যাখ্যা (উত্তর: B): But যুক্ত clause-এ পূর্বোক্ত কোন কথার বিপরীত কিছু থাকে। সুতরাং calm (শান্ত-শিষ্ট) এর বিপরীত হচ্ছে restless (অস্থির)। Disturbed অর্থ বিরক্ত, unwell ও ill অর্থ অসুস্থ।

Q. (29-32) : Find out which underlined parts (A, B, C and D) of the following sentences has an error.

29. Many A opinions have been voiced B on the likely effective C of the computer D.

ব্যাখ্যা (উত্তর: C): Adjective (likely)-এর পর noun আসে এবং of -এর পূর্বেও সাধারণ noun আসে বলে effective না হলে effectiveness হবে।

30. Passive smoking is defined A as the exposure B off nonsmoker C to environmental D tobacco smoke.

ব্যাখ্যা (উত্তর: C): Nonsmoker এককভাবে এখানে ভুল। এটা singular হিসেবে ব্যবহার করতে চাইলে এর পূর্বে determiner 'a' দিতে হবে অথবা একে plural (nonsmokers) করতে হবে।

31. Many disabled children cannot derive full enjoyment from toys make for nondisabled children.

ব্যাখ্যা (উত্তর: D): Make-এর স্থলে made (simple হিসেবে) অথবা which are made (complex হিসেবে) হবে।

32. Married women are twice so likely as married men to depressed.

ব্যাখ্যা (উত্তর: B): Affirmative sentence-এর positive degree-তে 'as...as' এবং negative sentence-এ 'so....as' ব্যবহৃত হয়। তাই so-এর স্থলে as হবে।

Q. (33 – 36): In each of the following questions, there are four different spelling of a common word, choose the correct one.

33. A. Amature B. Amatuer
C. Ametuer D. Amateur

ব্যাখ্যা (উত্তর: D): সঠিক বানানযুক্ত শব্দটি হলো Amateur যার অর্থ অপেশাদার।

34. A. Borucracy B. Bureaucracy
C. Burocracy D. Bureaucrasy

ব্যাখ্যা (উত্তর: B): সঠিক বানানযুক্ত শব্দটি হলো Bureaucracy যার অর্থ আমলাতন্ত্র।

35. A. Lisense B. Lisence
C. License D. Licence

ব্যাখ্যা (উত্তর: C/D): Oxford Dictionary অনুযায়ী (C) License ও (D) Licence উভয়ই সঠিক spelling।

36. A. Diaroea B. Diarhorea
C. Diarroea D. Diarrhoea

ব্যাখ্যা (উত্তর: D): সঠিক বানানযুক্ত শব্দটি হলো Diarrhoea যার অর্থ উদরাময়।

Q (37–40): For each question, there are four alternative, choose the one which can be best substituted for the given words.

37. A speech made without preparation –

- A. Prepared B. Debate
C. Extempore D. Elocution

ব্যাখ্যা (উত্তর: C): প্রস্তুতি ছাড়াই যে বক্তৃতা দেয়া হয় তাকে extempore (উপস্থিতমত) বলে। Prepared অর্থ প্রস্তুত, Debate অর্থ বিতর্ক, Elocution অর্থ বাগিতা।

38. A sneering person who always finds faults –

- A. Cynic B. Cupid
C. Kleptomaniac D. Crone

ব্যাখ্যা (উত্তর: A): বিদ্রূপকারী ব্যক্তি (sneering) সর্বদা অন্যের দোষ ধরে বলে তাকে cynic (ছিদ্রাশ্বেষী) বলে। Cupid অর্থ সুন্দর বালক, Kleptomaniac অর্থ চৌর্যোন্মদগ্রস্ত ব্যক্তি, Crone অর্থ বৃদ্ধা।

39. An instrument for measuring the force of the wind –

- A. Manometer B. Micrometer
C. Hydrometer D. Anemometer

ব্যাখ্যা (উত্তর: D): বিভিন্ন ধরনের যন্ত্রের ব্যবহার নিম্নরূপ-

যন্ত্রের নাম	প্রয়োগ
জাইরোকম্পাস	জাহাজের দিক নির্ণায়ক
অডিওমিটার	শব্দের তীব্রতা নির্ণায়ক
রেইনগেজ	বৃষ্টি পরিমাপক
অ্যানিমোমিটার	বাতাসের গতিবেগ পরিমাপক
ওডোমিটার	মোটর গাড়ির গতি নির্ণায়ক
ক্যালরিমিটার	তাপ পরিমাপক
থার্মোমিটার	উষ্ণতা পরিমাপক
ট্যাকোমিটার	উড়োজাহাজের গতি নির্ণায়ক
অলটিমিটার	উচ্চতা নির্ণায়ক
ফ্যাদোমিটার	সমুদ্রের গভীরতা নির্ণায়ক
হাইগ্রোমিটার	বায়ুতে আদ্রতা পরিমাপক
হাইড্রোমিটার	তরলের আপেক্ষিক ঘনত্ব নির্ণায়ক
ল্যাক্টোমিটার	দুধের বিশুদ্ধতা পরিমাপক
ভেলাটোমিটার	বেগ পরিমাপক

40. A short journey for pleasure –

- A. Jaunt B. Voyage
C. Travelling D. Walking

ব্যাখ্যা (উত্তর: A): কিছু গুরুত্বপূর্ণ one word substitution নিম্নরূপ

A short journey for pleasure – Jaunt
A person devoid of knowledge – Ignorant
A person who eats human flesh – Cannibal
A person who sells medicine- Druggist
To walk aimlessly- Amble
One who walks at night- Noctambulist
One who hates men- Misandrist
One who hates women- Misogynist

Math (Aptitude Test)

41. Spot the odd man out.

- A. Electricity B. Coal
C. Wood D. Gas

ব্যাখ্যা (উত্তর: A): Coal, Wood এবং Gas হচ্ছে জ্বালানি। সুতরাং ব্যতিক্রম হচ্ছে Electricity.

42. Select an appropriate term that completes the series L p F, N q G, P r H, R s I, _____.

- A. m P m B. T t J
C. t T j D. T T J

ব্যাখ্যা (উত্তর: B): Term গুলোর

১ম Cap. Letter এর ধারা হচ্ছে L N P R T

২য় sml. " " " " p q r s t

৩য় cap. " " " " F G H I J

So, appropriate term হচ্ছে T t J

43. If 10 Person shake their hands with each other, then total number of handshakes are-

অনুবাদ : ১০ জন মানুষ সবাই সবার সাথে করমর্দণ করে, তাহলে মোট করমর্দণের সংখ্যা কত হবে?

- A. 100 B. 20
C. 50 D. 45

ব্যাখ্যা (উত্তর: D):

$$\therefore \text{Total Handshake} = \frac{n(n-1)}{2}$$

$$= \frac{10(10-1)}{2} = 45$$

44. It is impossible for the earth to –

- A. move round the sun
B. be the nearest planet of the sun
C. have lights on it.
D. be the most important planet of the solar system

ব্যাখ্যা (উত্তর: B): পৃথিবী সূর্যের তৃতীয় নিকটতম গ্রহ। সুতরাং পৃথিবী সূর্যের নিকটতম গ্রহ হওয়াটা অসম্ভব।

45. In a certain code, AWAKE is written as ZVZJD. How is FRIEND written in that code?

- A. EQHDMC B. UOHDMF
C. UHODMF D. FMDHOU

ব্যাখ্যা (উত্তর: A): এখানে ZVZJD শব্দটি AWAKE শব্দটির প্রত্যেকটি অক্ষরের পূর্ববর্তী অক্ষরগুলো সমন্বয়ে গঠিত হয়েছে। অনুরূপভাবে, F →E, R →Q, I →H, E →D, N →M, D →C ∴ নির্ণেয় Code হচ্ছে, EQHDMC.

46. If PLAY is coded as 8123 and RHYME is coded as 49367, how is MALE coded?

- A. 66395 B. 6198
C. 6217 D. 6285

ব্যাখ্যা (উত্তর: C):

P	L	A	Y
8	1	2	3

R	H	Y	M	E
4	9	3	6	7


M	A	L	E
6	2	1	7

47. Which one word cannot be formed from the word 'CHOREOGRAPHY'?

- A. GEOGRAPHY B. GRAPH
C. OGRE D. PHOTOGRAPHY

ব্যাখ্যা (উত্তর: D): প্রদত্ত শব্দটিতে T অনুপস্থিত কিন্তু PHOTOGRAPHY শব্দটিতে T আছে তাই এই শব্দটি গঠন সম্ভব নয়।

48. A number for each figures are given from 1 to 9. Find out the best method of Classification and identify this among the four alternatives.




- A. (1, 3, 5); (2, 6, 9); (4, 7, 8)
B. (2, 3, 4); (5, 6, 8); (9, 1, 7)
C. (1, 3, 5); (2, 6, 8); (4, 7, 9)
D. (3, 2, 4); (6, 5, 8); (7, 9, 1)

ব্যাখ্যা (উত্তর: C):

1, 3, 5 চিত্রগুলো বৃত্ত সম্পর্কিত।	2, 6, 8 চিত্রগুলো ত্রিভুজ সম্পর্কিত।	4, 7, 9 চিত্রগুলো চতুর্ভুজ সম্পর্কিত।
--	--	---

49. Find the missing number :




- A. 10 B. 25
C. 50 D. 100

ব্যাখ্যা (উত্তর: D): ১ম বৃত্তের সংখ্যাগুলো মাঝের বৃত্তের অনুরূপ স্থানের সংখ্যাগুলোর দ্বিগুণ এবং শেষের বৃত্তের সংখ্যাগুলো মাঝের বৃত্তের অনুরূপ স্থানের সংখ্যাগুলোর চারগুণ। সংখ্যাগুলো মাঝে বৃত্তের অনুরূপ স্থানের সংখ্যাগুলোর চারগুণ।


∴ শূন্যস্থানের সংখ্যাটি হচ্ছে (25 × 4) বা 100

50. Which one of the following figure is different from the rest three?



ব্যাখ্যা (উত্তর: C): এখানে, তৃতীয় চিত্রটি অন্য তিনটি থেকে ভিন্ন।

51. The following figure consists of twenty-seven cubes. How many cubes will get closed on all sides by other cubes?



- A. 1 B. 2
C. 3 D. 6

ব্যাখ্যা (উত্তর: A): 27টি Cube এর মধ্যে শুধু মাঝের ১টি Cube চারদিকে আবদ্ধ।

52. If 20 percent of 80 percent of a number is 12.8, then what is the number?

অনুবাদ : একটি সংখ্যার ৮০% এর ২০% হলো ১২.৮, তাহলে সংখ্যাটি কত?

- A. 80 B. 50
C. 40 D. 9

ব্যাখ্যা (উত্তর: A): ধরি, সংখ্যাটি x

∴ (x এর ৮০%) এর ২০% = 12.8

$$\Rightarrow x \times \frac{80}{100} \times \frac{20}{100} = 12.8$$

$$\Rightarrow 16x = 1280$$

$$\Rightarrow x = \frac{1280}{16} = 80$$

53. If you divide 30 by half and add 10 with the resulting figure, then what is the final result?

অনুবাদ : যদি ৩০ কে অর্ধ দ্বারা ভাগ করা হয় এবং ফলাফলের সাথে ১০ যোগ করা হয়, তাহলে সর্বশেষ ফলাফল কত হবে?

- A. 25 B. 70
C. 45 D. 55

ব্যাখ্যা (উত্তর: B): নির্ণেয় সংখ্যা = $\frac{30}{\frac{1}{2}} + 10$
= 60 + 10 = 70

54. (0.003)² = ?

- A. 0.009 B. 0.0009
C. 0.00009 D. 0.000009

ব্যাখ্যা (উত্তর: D): (0.003)² = 0.000009

55. Sum of 10 integer is 462. The average of first 4 number is 52 and the average of last 5 number is 38. What is the fifth number?

অনুবাদ : ১০টি পূর্ণসংখ্যার যোগফল ৪৬২। প্রথম চারটি সংখ্যার গড় ৫২ এবং শেষ ৫টি সংখ্যার গড় ৩৮। তাহলে ৫ম সংখ্যাটি কত?

- A. 64 B. 60
C. 50 D. 62

ব্যাখ্যা (উত্তর: A):

১ম ৪টি সংখ্যার সমষ্টি (4 × 52) = 204

শেষ ৫টি " " (5 × 38) = 190

∴ ৯টি সংখ্যার সমষ্টি = 398

∴ পঞ্চম সংখ্যাটি = (462 - 398) = 64

56. When the diameter of a circle is trebled, the area is multiplied by how many times?

অনুবাদ : যখন একটি বৃত্তের ব্যাস তিনগুণ করা হয়, তখন ক্ষেত্রফল কতগুণ বাড়ে?

- A. 3 B. 6
C. 9 D. 12

ব্যাখ্যা (উত্তর: C): ব্যাসার্ধ r হলে ব্যাস $2r$ এবং ক্ষেত্রফল πr^2 , ব্যাস 2π এর তিনগুণ $= (2\pi \times 3) = 6\pi$ যখন ব্যাসার্ধ $3r$.

$$\therefore \text{ক্ষেত্রফল} = (\pi 3r)^2 = 9\pi r^2$$

ক্ষেত্রফল প্রথমটির 9 গুণ।

57. Which of the following is the 250% of 1?

অনুবাদ : নিচের কোনটি 1 এর ২৫০%?

- A. 0.25 B. 2.5
C. 25 D. 0.025

ব্যাখ্যা (উত্তর: B): 1 এর 250% $= 1 \times \frac{250}{100} = 2.5$

58. If $f(x) = x^2 + \frac{1}{x-1} - 1$, then which of the following is correct?

- A. $f(0) = a$ B. $f(1) = -1$
C. $f(1) = 0$ D. $f(-1) = -\frac{1}{2}$

ব্যাখ্যা (উত্তর: D): $f(x) = x^2 + \frac{1}{x-1} - 1$

$$\therefore f(-1) = (-1)^2 + \frac{1}{-1-1} - 1$$

$$= 1 + \frac{1}{-2} - 1 = -\frac{1}{2}$$

59. What is the difference of largest and smallest prime number between 60 and 80?

অনুবাদ : ৬০ থেকে বড় কিন্তু ৮০ থেকে ছোট মৌলিক সংখ্যার পার্থক্য কত?

- A. 8 B. 12
C. 18 D. 140

ব্যাখ্যা (উত্তর: C):

60 ও 80 এর মধ্যে সর্বোচ্চ মৌলিক সংখ্যা 79

60 ও 80 " " সর্বনিম্ন " " 61

$$\therefore \text{পার্থক্য} = 18$$

60. A student loses 1 mark for every wrong answer and scores 2 marks for every correct answer. If he answers all the 60 questions in an exam and scores 39 marks, how many of them were correct?

অনুবাদ : একজন ছাত্রের প্রতিটি ভুল উত্তরের জন্য ১ মার্কস কাটা যায় এবং প্রতিটি সঠিক উত্তরের জন্য ২ মার্কস পায়। যদি সে পরীক্ষার মোট ৬০টি প্রশ্নের প্রতিটি প্রশ্নের উত্তর দেয় এবং ৩৯ মার্কস অর্জন করে, তবে কতটি উত্তর সঠিক ছিল?

- A. 33 B. 31
C. 27 D. 37

ব্যাখ্যা (উত্তর: A): ধরি, সঠিক উত্তর দেওয়ার প্রশ্ন সংখ্যা x

$$\therefore 2x - (60 - x) \times 1 = 39$$

$$\Rightarrow 2x - 60 + x = 39$$

$$\Rightarrow 3x = 99 \therefore x = 33$$

Q. (61–63): Answer the question on the basis of the information given below:

Income (in Taka)	Tax (in Taka)
0–4,000	1% of income
4,000–6,000	40 + 2% of income over 4,000
6,000–8,000	80 + 30% of income over 6,000
8,000–10,000	140 + 4% of income over 8,000
10,000–15,000	220 + 5% of income over 10,000
15,000–25,000	470 + 6% of income over 15,000
25,000–50,000	1070 + 7% of income over 25,000

61. Your income for a year is TK. 26,000. You receive a raise so that next year's income will be tk. 29,000. How much more will you pay in taxes next year if the tax rate remains the same?

- A. Tk. 75 B. Tk. 80
C. Tk. 125 D. Tk. 210

ব্যাখ্যা (উত্তর: D):

$$26000 \text{ হাজার টাকায় Tax দেয়}$$

$$= 1070 + (26000 - 25000) \times 7\%$$

$$= 1070 + 1000 \times \frac{7}{100}$$

$$= 1070 + 70 = 1140$$

29000 হাজার টাকায় Tax দেয়

$$= 1070 + (29000 - 25000) \times 7\%$$

$$= 1070 + 4000 \times \frac{7}{100} = 1350$$

Tax বেশি দিতে হবে $(1350 - 1140)$ বা 210 টাকা।

ব্যাখ্যা (উত্তর: D): প্রশ্নমতে, Y ও Z selected। সুতরাং Junior হিসেবে যথাক্রমে A ও C বাদ যাবে। Junior বাকি থাকে B ও D। সুতরাং team গঠনে এরা দু'জনই বাধ্যতামূলক। এক্ষেত্রে Combination YZBD।

67. **Twenty-seven persons attended a party. Which one of the following statements can never be true?**

- A. There is a person in the party who is acquainted with all the twenty-six others.
B. Each person in the party has a different number of acquaintances.
C. There is a person in the party who has an odd number of acquaintances.
D. In the party, there is not a set of three mutual acquaintances.

উত্তর: B

68. **Unless new reserves are found, the world's supply of coal is being depleted in such a way that with demand continuing to grow at present rate, reserves will be exhausted by the year 2050. What is the best conclusion that can be drawn from the above paragraph?**

- A. It is the time to search for alternative
B. Demand for coal is growing fast
C. World's coal reserve is declining
D. New reserves of coal would be found before 2050

ব্যাখ্যা (উত্তর: A): প্রশ্নানুযায়ী, নতুন মজুদ যদি খুঁজে পাওয়া না যায় এবং বর্তমান অবস্থা অনুযায়ী কয়লার চাহিদা যদি বাড়তেই থাকে এবং এভাবে ব্যবহৃত হতে থাকে তবে আগামী ২০৫০ সালের মধ্যে মজুদ সম্পূর্ণ ফুরিয়ে যাবে। এ অনুচ্ছেদটি থেকে যে তাৎপর্যপূর্ণ মতামত বা বক্তব্য বা উপসংহার (Conclusion) পেতে পারি তা হলো জ্বালানি হিসেবে কয়লার বিকল্প বিষয়ে আমাদের ভাবা উচিত। এটি অনবায়নযোগ্য প্রাকৃতিক জ্বালানি উৎস। এই উৎস ২০৫০ সালে না হোক এর কয়েক বছর পরে হলেও ফুরিয়ে যাবেই। সুতরাং বিকল্পভাবার এখনই সময়।

69. **Nobody believes a man who lacks confidence in his ability. None should sit idle and shirk his duty on the plea that it is beyond his power to do without the help of others. Such a man always falls behind. He meets failures and suffers in the long run. So, dependence on others is a great curse. The above passage suggests that everyone should possess the virtue of –**

- A. punctuality B. dignity
C. boldness D. self-reliance

ব্যাখ্যা (উত্তর: D): প্রশ্নে প্রদত্ত অনুচ্ছেদটির মূলকথা-যদি কারো নিজের সক্ষমতার উপর আত্মবিশ্বাস না থাকবে, সে এমনভাবে যে অন্যের সাহায্য ছাড়া সে তার দায়িত্ব পালন করতে পারবেনা তবে সর্বদাই পশ্চাৎপদ পরিণামে থাকতে হয়। তাকে অসফলতা ও ভোগান্তির মুখোমুখি হতে হয়। এ থেকে আমরা যে দিক-নির্দেশনা পাই তা হলো আমাদের 'আত্ম-বিশ্বাসী' (Self-reliance) গুণ ধারণ করা উচিত।

70. **Difference in the way men and women process language are of special interest to brain researchers. It is known that 'aphasia', a kind of speech disorder, is more common in men than in women when the left side of the brain is damaged in an accident or after a stroke. However, women are more likely than men to suffer 'aphasia' when the front part of the brain is damaged. The idea implied in the passage is –**

- A. Brain damaged can be caused by an accident
B. Brains of men and women are organized differently in the way they process speech
C. Both sides of the brain are responsible for speech organization
D. Brain researchers are locked in argument over the process of language development.

ব্যাখ্যা (উত্তর: B): নারী ও পুরুষ ভাষা প্রক্রিয়াকরণ পদ্ধতির ভিন্নতার ব্যাপারে মস্তিষ্ক গবেষকদের বিশেষ আকর্ষণ রয়েছে। দুর্ঘটনার বা স্ট্রোকের কারণে মস্তিষ্কের বামপার্শ্ব ক্ষতিগ্রস্ত হলে 'অ্যাফাসিয়া' নামক বাকশক্তির ভারসাম্যহীনতা পুরুষদের তুলনায় মহিলাদের মধ্যে বেশি দেখা যায়। মোটকথা মেয়েরা ছেলেদের তুলনায় এক্ষেত্রে বেশি ঝুঁকিতে থাকে যখন মস্তিষ্কের সামনের অংশ ক্ষতিগ্রস্ত হয়।

অনুচ্ছেদটি থেকে যে ধারণা পাওয়া যায়- তা হলো কথা বলার প্রক্রিয়ার ক্ষেত্রে পুরুষ ও মহিলাদের মস্তিষ্কের গঠন প্রক্রিয়া ভিন্ন প্রকৃতির। অর্থাৎ Option (B) সঠিক। এছাড়া Option (C) ভুল কারণ brain-এর right side-এর ব্যাপারে passage কোনো তথ্য নেই। Option (A)- তে সাধারণ সত্য প্রকাশিত passage টির সাথে এটির অন্তর্নিহিত সম্পর্ক নেই। আর option (D) ভুল কেননা brain গবেষকরা বিষয়টি নিয়ে উৎসাহিত তারা বিতর্কে লিপ্ত নন।

General Knowledge & ICT

71. How many brigades were formed in the liberation war of Bangladesh?

- A. 3 B. 7
C. 9 D. 11

ব্যাখ্যা (উত্তর: A): বাংলাদেশের স্বাধীনতার যুদ্ধে পাকবাহিনীর সঙ্গে যুদ্ধ পরিচালনার জন্য সেনাবাহিনীর নিয়মিত ব্যাটালিয়নকে তিনটি ব্রিগেডে বিভক্ত করা হয়। যথা-

ফোর্সের নাম	অন্তর্ভুক্ত ইস্ট বেঙ্গল রেজিমেন্ট	অধিনায়ক
জেড ফোর্স	১, ৩, ৮	লে. কর্নেল জিয়াউর রহমান
এস ফোর্স	২, ১১	লে. কর্নেল কে. এম. সফিউল্লাহ
কে ফোর্স	৪, ৯, ১০	লে. কর্নেল খালেদ মোশাররফ

এই তিন ব্রিগেডের কমান্ডার মেজর জিয়াউর রহমান, মেজর সফিউল্লাহ ও মেজর খালেদ মোশাররফের নামের আদ্যক্ষর অনুসারে ব্রিগেডগুলোর নামকরণ করা হয়।

72. Which of the following sweeteners does not provide any energy to the body?

- A. Fructose B. Glucose
C. Maltose D. Saccharin

ব্যাখ্যা (উত্তর: D): স্যাকারিন হলো চিনির থেকে ৩০০-৫০০ গুণ মিষ্টি একটি রাসায়নিক। এর রাসায়নিক নাম সোডিয়াম স্যাকারিন অথবা বেনজো-সালফিমাইড। এটি একটি কৃত্রিম মিষ্টি যার কার্যকরভাবে কোনও খাদ্যশক্তি নেই। নানারকম পানীয়, ক্যান্ডি, কুকিজ, ওষুধ প্রভৃতি উপকরণগুলির মিষ্টতা আনতে স্যাকারিন ব্যবহৃত হয়।

73. Which of the following is the currency of Argentina?

- A. Dollar B. Lira
C. Peso D. Rand

ব্যাখ্যা (উত্তর: C): আর্জেন্টিনার রাজধানীর নাম- বুয়েন্স আয়ার্স এবং মুদ্রার নাম - পেসো। এটি দক্ষিণ আমেরিকা মহাদেশে অবস্থিত।

74. The planet having no moon is —.

- A. Mercury B. Pluto
C. Venus D. Neptune

ব্যাখ্যা (উত্তর: A & C) : বুধ (Mercury) ও শুক্র (Venus) গ্রহের কোনো উপগ্রহ নেই। পৃথিবীর একমাত্র উপগ্রহ চাঁদ। মঙ্গল গ্রহের দুটি উপগ্রহ আছে। যথা- ফোবোস ও ডিমোস। সবচেয়ে বেশি উপগ্রহ আছে শনি গ্রহের (৮২টি)। বৃহস্পতি গ্রহের উপগ্রহ সংখ্যা ৭৯টি। বর্তমানে প্লটোকে বামন গ্রহের মর্যাদা দেয়া হয়েছে।

75. Radcliffe line is a boundary line between _____.

- A. India and Bangladesh B. India and China
C. India and Pakistan D. India and Nepal

ব্যাখ্যা (উত্তর: C): ১৯৪৭ সালে উপমহাদেশ বিভক্তির পর ভারত ও পাকিস্তানের সীমানা নিরূপণকারী রেখা Radcliffe line। তৎকালীন বর্ডার কমিশনের চেয়ারম্যান স্যার সাইরিন র্যাডক্লিফের নামানুসারে দু দেশের সীমানারেখার নাম হয় র্যাডক্লিফ লাইন। পৃথিবীর আরো কিছু গুরুত্বপূর্ণ সীমারেখা নিম্নরূপ-

সীমারেখার নাম	দেশসমূহ
ডুরান্ড লাইন	পাকিস্তান ও আফগানিস্তান
হিভারবার্গ লাইন	জার্মান ও পোল্যান্ড
ওডেরনিস লাইন	জার্মান ও পোল্যান্ড
ম্যাজিনো লাইন	ফ্রান্স ও জার্মান
সিগফ্রিড লাইন	ফ্রান্স ও জার্মান
ম্যাকমোহন লাইন	ভারত ও চীন
র্যাডক্লিফ লাইন	ভারত ও পাকিস্তান
লাইন অব কন্ট্রোল	ভারত ও পাকিস্তান
ব্লু লাইন	লেবানন ও ইসরাইল
নর্দান লিমিট লাইন	উত্তর ও দক্ষিণ কোরিয়া

76. The 'Roof of the world' is _____.

- A. The Alps B. The Pamir Plateau
C. The Apennines D. The Andes

ব্যাখ্যা (উত্তর: B): পৃথিবীর বিভিন্ন অঞ্চলের কিছু গুরুত্বপূর্ণ ভৌগোলিক উপনাম নিম্নরূপ-

ভৌগোলিক উপনাম	শহর
সাত পাহাড়ের শহর	রোম
মোটর গাড়ির শহর	ডেট্রয়েট
রাজপ্রাসাদের শহর	কলকাতা
গোলাপী শহর	জয়পুর, রাজস্থান
স্বর্ণনগরী	জোহানেসবার্গ
চির বসন্তের শহর	কিটো ও রোম
পৃথিবীর ছাদ	পামীর মালভূমি
সম্মেলনের শহর	জেনেভা
পবিত্র শহর	ভ্যাটিকান সিটি
উদ্যানের শহর	শিকাগো

77. Who has directed the film ‘Polashi Theke Dhanmondi’?

- A. Traek Masud
B. Chashi Nazrul Islam
C. Abdul Gaffar Choudhury
D. Mostofa Sarwar Farooki

ব্যাখ্যা (উত্তর: C): বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক কয়েকটি চলচ্চিত্র ও গ্রামাণ্য চিত্রের নাম ও পরিচালক নিম্নরূপ-

চলচ্চিত্র/গ্রামাণ্য চিত্র	পরিচালক
হাঙ্গর নদী খেনেড	চাষী নজরুল ইসলাম
আঙনের পরশমনি	হুমায়ূন আহমেদ
গেরিলা	নাসিরউদ্দিন ইউসুফ
আবার তোরা মানুষ হ	খান আতাউর রহমান
ধীরে বহে মেঘনা	আলমগীর কবির
আমার বন্ধু রাশেদ	মোরশেদুল ইসলাম
পলাশী থেকে ধানমন্ডি	আব্দুল গাফফার চৌধুরী
স্মৃতি ৭১	তানভীর মোকাম্মেল
টিয়ার্স অব ফায়ার	সেন্টু রায়
ইনোসেন্ট মিলিয়নস	বাবুল চৌধুরী

78. The headquarter of UNESCO is at _____.

- A. Rome B. Geneva
C. Paris D. New York

ব্যাখ্যা (উত্তর: C): United Nations Educational Scientific and Cultural Organization এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে UNESCO। ১৬ নভেম্বর ১৯৪৫-এ প্রতিষ্ঠিত UNESCO-এর সদর দপ্তর ফ্রান্সের প্যারিসে অবস্থিত।

79. Which authority in Bangladesh issues license to Credit Rating Agencies?

- A. BSEC B. MRA
C. BB D. IDRA

ব্যাখ্যা (উত্তর: A): বাংলাদেশে ‘Credit Rating Agencies’ এর License প্রদান করে থাকে ‘বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন’ (BSEC)।

80. What is the meaning of ‘SAPTA’?

- A. SAARC Preferential Trading Arrangement
B. SAARC Preferential Tariff Agreement
C. South Asian Preferential Trading Arrangement
D. South Asian Preferential Tariff Agreement

ব্যাখ্যা (উত্তর: A): সার্কভুক্ত দেশগুলো বাণিজ্য ঘাটতি, উৎপাদিত পণ্য রপ্তানি ক্ষেত্রে বৈষম্য নিরসন ও শুল্ক সুবিধার জন্য যে চুক্তিতে একমত হয়েছে তার নাম South Asian Preferential Trading Agreement (SAPTA). SAPTA কে SAARC Preferential Trading Arrangement নামেও অভিহিত করা হয়। এটি স্বাক্ষরিত হয় ১১ এপ্রিল, ১৯৯৩ এবং কার্যকর হয় ৭ ডিসেম্বর, ১৯৯৫।

81. Who is the founder of the social networking site ‘Facebook’?

- A. Bill Gates B. Time Barnes Lee
C. Andy Grove D. Mark Zuckerberg

ব্যাখ্যা (উত্তর: D):

সামাজিক মাধ্যম	প্রতিষ্ঠাকাল	প্রতিষ্ঠাতা
Facebook	২০০৪	মার্ক জুকারবার্গ
Youtube	২০০৫	স্টিভ চেন, চাদ হুরলে, জাভেদ করিম
Twitter	২০০৬	জ্যাক ডোরসে, নাওহ গ্রান, বিজ স্টোন, ইভান উইলিয়ামস
Instagram	২০১০	কেভিন সিস্ট্রেম, মাইক ক্রিগার
Whatsapp	২০০৯	ব্রায়ান অ্যাস্টিন, জন কুম
LinkedIn	২০০৩	রেইড হফম্যান, এ্যালেন বু
TikTok	২০১৬	ঝাং ইয়েমিং

82. The city ‘Frankfurt’ is renowned for

- A. Agricultural Product B. Book Fare
C. Medicine Industry D. Ice Hockey

ব্যাখ্যা (উত্তর: B): জার্মানির ‘Frankfurt’ শহরটি Book Fair বা বইমেলায় জন্য বিখ্যাত। প্রতিবছর অক্টোবর মাসের মাঝামাঝি সময়ে এখানে অনুষ্ঠিত হয় বিশ্বের বৃহত্তম বইমেলা। এখানে ইউরোপীয়ান সেন্ট্রাল ব্যাংকের সদর দপ্তর অবস্থিত।

83. Who was the finance minister at the time of liberation war Bangladesh in 1971?

- A. A. H. M Kamaruzzam
B. Captain M. Mansur Ali
C. Syed Nazrul Islam
D. Dr. Kamal Hossain

ব্যাখ্যা (উত্তর: B): বাংলাদেশের অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার ১৯৭১ সালের ১০ এপ্রিল গঠিত হয় এবং একই মাসের ১৭ তারিখ শপথ গ্রহণ করে। মুজিবনগর সরকারের দপ্তর বন্টন নিম্নরূপ-

নাম	পদবি	মন্ত্রণালয়
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	রাষ্ট্রপতি	অনুপস্থিত
সৈয়দ নজরুল ইসলাম	উপ রাষ্ট্রপতি	অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন।
তাজউদ্দিন আহমেদ	প্রধানমন্ত্রী	প্রতিরক্ষা, তথ্য প্রচার এবং টেলিযোগাযোগ, অর্থনৈতিক বিষয়, পরিকল্পনা এবং উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য, শ্রম এবং সমাজকল্যাণ, সংস্থাপন
এম মনসুর আলী	মন্ত্রী	অর্থ, বাণিজ্য এবং শিল্প
খন্দকার মোশতাক আহমেদ	মন্ত্রী	পররাষ্ট্র, আইন এবং সংসদ বিষয়ক
এ এইচ এম কামারুজ্জামান	মন্ত্রী	স্বরাষ্ট্র, সরবরাহ ত্রাণ এবং পুনর্বাসন, কৃষি

84. When did India recognize the independence of Bangladesh?

- A. 6 December, 1971
B. 26 March, 1971
C. 16 December, 1971
D. 14 December, 1971

ব্যাখ্যা (উত্তর: A): বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী মহাদেশভিত্তিক প্রথম দেশ-

মহাদেশ	দেশ	সময়কাল
এশিয়া	ভূটান ও ভারত	৬ ডিসেম্বর, ১৯৭১
ইউরোপ	পূর্ব জার্মানি	১১ জানুয়ারি, ১৯৭২
আফ্রিকা	সেনেগাল	১ ফেব্রুয়ারি, ১৯৭২
উত্তর আমেরিকা	বার্বাডোস	২০ জানুয়ারি, ১৯৭২
দক্ষিণ আমেরিকা	ভেনেজুয়েলা ও কলম্বিয়া	২ মে, ১৯৭২
ওশেনিয়া	টোঙ্গা	২৫ জানুয়ারি, ১৯৭২

85. The first tribal cultural academy of Bangladesh is established in –

- A. Rangamati B. Cox's Bazar
C. Netrokona D. Rangpur

ব্যাখ্যা (উত্তর: C): ১৯৭৭ সালে নেত্রকোণার বিরিশিরিতে 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমি' প্রতিষ্ঠিত হয়। তবে ১৯৭৬ সালে মৌলভীবাজারের কমলগঞ্জে ক্ষুদ্র নৃগোষ্ঠীদের প্রথম সাংস্কৃতিক প্রতিষ্ঠান হিসেবে 'মণিপুরী ললিতকলা একাডেমি' প্রতিষ্ঠিত হয়। অন্যদিকে রাঙামাটিতে 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট' প্রতিষ্ঠা হয় ১৯৭৮ সালে। তবে প্রদত্ত অপশনগুলোর মধ্যে সঠিক উত্তর হলো নেত্রকোণা।

86. Which of the following technology is used by Bluetooth operations?

- A. Magnetic B. Optical
C. Radio Frequency D. Laser

ব্যাখ্যা (উত্তর: C):

ব্লুটুথ	✓ ব্লুটুথ হচ্ছে তারবিহীন পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN) প্রটোকল যা রেডিও ওয়েব ব্যবহার করে স্বল্প দূরত্বে ডেটা আদান-প্রদান করে। ✓ এর দূরত্ব সাধারণত ১ থেকে ১০০ মিটার হয়ে থাকে। ✓ এক্ষেত্রে রেডিও ফ্রিকুয়েন্সি টেকনোলজি ব্যবহৃত। ✓ স্ট্যান্ডার্ড: IEEE 802.15
---------	--

87. The process of loading the Operating System in the memory is known as -

- A. Debugging B. Booting
C. trouble shooting D. Loading

ব্যাখ্যা (উত্তর: B): কম্পিউটার চালু হবার পর BIOS চেক করে দেখে সবগুলো হার্ডওয়্যার সঠিকভাবে কাজ করছে কি না। যদি সমস্যা না পায় BIOS Bootable Media এর খোঁজ করে এবং তাকে দায়িত্ব হস্তান্তর করে নিজে দায়িত্ব মুক্ত হয়। যদি এই যন্ত্রাংশগুলো সঠিকভাবে যুক্ত থাকে, তাহলে সিপিইউ কম্পিউটারের অপারেটিং সিস্টেমকে হার্ড ডিস্ক থেকে স্বয়ংক্রিয়ভাবে র্যামের মধ্যে তুলে দেয় এবং কম্পিউটারকে ব্যবহারকারীর নির্দেশ গ্রহণের জন্য প্রস্তুত করে। এই সামগ্রিক প্রক্রিয়াকে বলা হয় Booting.

88. 1 MHz =

- A. 10³Mz B. 10⁴Hz
C. 10⁵Hz D. 10⁶Hz

ব্যাখ্যা (উত্তর: D): সাধারণত মাইক্রোকম্পিউটার বা পার্সোনাল কম্পিউটারের প্রসেসরের গতি পরিমাপ করা হয় MHz বা GHz এ।

$1 \text{ kHz} = 10^3 \text{ Hz}$	$1 \text{ MHz} = 10^6 \text{ Hz} = 10^3 \text{ kHz}$
-----------------------------------	--

89. To display one line in multiple cell you will have to select

- A. Merge cells check box
- B. Wrap text check box
- C. Shrink to fit check box
- D. None of the above

ব্যাখ্যা (উত্তর: B): একাধিক ঘরে এক লাইনকে display করার জন্য home tab-এ গিয়ে wrap text check box এ ক্লিক করতে হয়।

90. Find the average value A1, A2, A3, which of the following is not a correct formula?

- A. = sum (A1 : A3)/3
- B. = (A1 : A3)/3
- C. = (A1 +A2 + A3)/3
- D. = Average(A1:A3)

ব্যাখ্যা (উত্তর: B): আলোচ্য অপশনগুলোর মধ্যে গড় মান বের করার জন্য অপশন A, C এবং D হলো সঠিক ফর্মুলা। অপশন B সঠিক নয়।

91. Suppose cells A5 and B5 contain the values 35000 and 100, respectively. In cell C5, if you apply the formula = IF(A5 < 2000, B5*10%, B5*20%), what will be the result in C5?

- A. 20
 - B. 7000
 - C. 3500
 - D. 10
- উত্তর: B

92. What will be the result of the formula = Max (Average (B1, B2), Product (B3: B4)) where the value of B1 = 26, B2 = 30, B3 = 12 and B4 = 2

- A. 28
 - B. 24
 - C. 26
 - D. 672
- উত্তর: A

93. To find a document file that starts with "N", which one of the following is the correct search option

- A. *.*
- B. *.doc
- C. N.doc
- D. N*.doc

ব্যাখ্যা (উত্তর: D): File-এর নামের প্রথম letter টি দিয়ে * চিহ্ন দিয়ে তারপর file extension দিলে Search Option-এর মাধ্যমে দ্রুত file টি পাওয়া যায়। ডকুমেন্ট এর জন্য Extension হিসেবে .doc, .docx ইত্যাদি ব্যবহার করা হয়।

94. Which one of the following symptom does not indicate that your computer system is affected by Virus?

- A. Takes much time to load a program
- B. Disk access time is faster
- C. Gives abnormal error message
- D. Inadequacy in system memory

ব্যাখ্যা (উত্তর: B): Option (B) বাদে বাকি Option গুলো দ্বারা বোঝাই যায় System Virus Affected। System-এর কোনো disk বা drive-এ দ্রুত access করা দূরহ যদি System Virus Affected হয়।

95. You are the student of Dhaka University. You have computer and Internet connection from PC, you browse the e-commerce web sites www.amazon.com and submit an order through online using your international credit card to purchase 550 books. This type of transaction is known as –

- A. B2B
- B. C2B
- C. B2G
- D. B2C

ব্যাখ্যা (উত্তর: D): ইন্টারনেট প্রযুক্তিতে কম্পিউটারের মাধ্যমে প্রতিষ্ঠানের বাহ্যিক পক্ষের সাথে পণ্য ক্রয়-বিক্রয় করা হল- ই-কমার্স। বিভিন্ন ধরনের ই-কমার্স বিজনেসের ধরন নিম্নরূপ-

ধরণ	উদাহরণ
ব্যবসায় থেকে ব্যবসায়	B2B পাইকারি ব্যবসায়
ব্যবসায় থেকে ভোক্তা	B2C amazon.com
ভোক্তা থেকে ব্যবসায়	C2B ভোগকারী উৎপাদকের কাছ থেকে পণ্য ক্রয় করলে
ভোক্তা থেকে ভোক্তা	C2C Bikroy.com
ব্যবসায় থেকে সরকার	B2G সরকারি ডিলারের কাছে পাইকারের পণ্য বিক্রয়
সরকার থেকে ব্যবসায়	G2B গ্যাস, পানি, বিদ্যুৎ
ভোক্তা থেকে সরকার	C2G কৃষিপণ্য
সরকার থেকে ভোক্তা	G2C ন্যায্য মূল্যের চাল

সাম্প্রতিক প্রশ্নসমূহ (আপডেট তথ্যসহ)

96. Who scored the highest runs in the recently held Bangladesh-South Africa one day series?

- A. Mustafizur Rahman B. Soumya Sarker
C. Shakib Al Hasan D. Tamim Iqbal
আপডেট তথ্য :

আইসিসি ক্রিকেট বিশ্বকাপ - ২০২৩	
সময়কাল	৫ অক্টোবর- ১৯ নভেম্বর, ২০২৩
আয়োজক	ভারত
অংশগ্রহণকারী	১০টি দেশ

97. The time limit for achieving Millennium Development Goal (MDG) is –

- A. 2010 B. 2015
C. 2020 D. 2021

ব্যাখ্যা (উত্তর: B): MDG-এর পূর্ণরূপ Millennium Development Goal। এর মেয়াদকাল ছিল ২০০১-২০১৫ সাল এবং লক্ষ্য ছিল ৮টি।

SDG	
পূর্ণরূপ	Sustainable Development Goals
গৃহীত হয়	জাতিসংঘের সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে এটি গৃহীত হয়।
সময়কাল	২০১৬-২০৩০ সাল
লক্ষ্য	১৭টি
সুনির্দিষ্ট উদ্দেশ্য	১৬৯টি
সূচক	২৩২টি

98. Which country won the Copa America-2015 Football tournament trophy?

- A. Barzil B. Argentina
C. Chile D. Mexico

আপডেট তথ্য :

কোপা আমেরিকা ২০২১	
সময়কাল	১৩ জুন- ১০ জুলাই, ২০২১
মাপক	পিবে
ফাইনাল	আর্জেন্টিনা (১)-ব্রাজিল (০)
ফেয়ার প্রে পুরস্কার	ব্রাজিল
সর্বোচ্চ গোল	লিওনেল মেসি (৪টি)
সেরা খেলোয়াড়	লিওনেল মেসি

পরবর্তী (৪৮তম) কোপা আমেরিকা টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে ২০২৪ সালের ১০ জুন থেকে ১২ জুলাই এবং হোস্ট কান্ডি হলো যুক্তরাষ্ট্র।

99. Which of the following countries is suffering from severe debt crisis?

- A. Ireland B. Greece
C. Spain D. USA

ব্যাখ্যা (উত্তর: B): গ্রীসের বাণিজ্য ঘাটতি ১৯৯৯ সালের শেষের দিকে ছিল ৫% এর কম। ২০০৮-০৯ এর দিকে তা বেড়ে হয় ১৫%। গ্রীসের মজুরি প্রায় ২০% কমে গিয়েছিল ২০১০ থেকে ২০১৪ সালের মাঝখানে। এর ফলে আয় ও জিডিপি কমে গিয়েছিল। এর ফলে অনিবার্ণ ফল স্বরূপ মন্দা শুরু হয় এবং বেকারত্বের হার ৫৪.৯% এ বাড়ে।

২০১৯ সাল থেকে শ্রীলঙ্কায় অর্থনৈতিক সংকট শুরু হয় এবং ২০২২ সালে তা চরম পর্যায়ে পৌঁছে। ২০২২ সালে দেশটির বৈদেশিক মুদ্রার ভাণ্ডার ছিল মাত্র ১৯০ কোটি মার্কিন ডলার এবং এ দেশটিকে সার্বভৌম ঋণখেলাপি হিসেবে ঘোষণা করা হয়।

100. Which international organization recently declared Bangladesh as lower middle income country?

- A. IMF B. OECD
C. WB D. ADB

ব্যাখ্যা (উত্তর: C):

১ জুলাই ২০১৫ বাংলাদেশকে নিম্ন আয়ের দেশ থেকে নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকায় উন্নীত করে আর্থিক সংস্থা বিশ্বব্যাংক (World Bank)।

এলডিসি থেকে কোন দেশ বের হবে, সে বিষয়ে সুপারিশ করে সিডিপি (CDP: Committee for Development Policy)। এজন্য প্রতি তিন বছর পর পর এলডিসিগুলোর ত্রিবার্ষিক মূল্যায়ন করা হয়। সিপিডি সুপারিশ প্রথমে জাতিসংঘের ইসকোকে (ECOSOC : The Economic and Social Council) যায়। তিন বছর পর তা জাতিসংঘের সাধারণ অধিবেশনে অনুমোদনের জন্য ওঠে। বাংলাদেশ ২০১৮ সালে সর্বপ্রথম সিডিপির সকল শর্ত পূরণ করে। বাংলাদেশ ২০২৬ সালে চূড়ান্তভাবে এলডিসি থেকে বের হবে।